কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765 ★ www.ekarmakshetra.com

A Unit of banker's adda adda247 CAREER POWER
Announces Fresh Batch For :
• BANK • SSC (CGL)
• RAIL - NTPC / Group-D
• SSC - GD CONSTABLE
• RPF CONSTABLE
RISHRA | BARASAT | SILIGURI | DURGAPUR
CONTACT - 8335877777

বর্ষ ৩৯ সংখ্যা ৪৯ কলকাতা বুধবার, ১০ জুলাই ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৫ আষাঢ় ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

জলপাইগুড়ি, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহার থেকে

# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

**শিলিগুড়ির বৈকুণ্ঠপুর আর্মি গ্রাউন্ডে র‍্যালি ৫ সেপ্টেম্বর থেকে ১২ সেপ্টেম্বর। ২০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে।**

**নিজস্ব প্রতিনিধি:** র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের ৮ জেলা থেকে বিভিন্ন ক্যাটেগরিতে প্রচুর সোলজার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। শিলিগুড়ির সালুগাড়ায় বৈকুণ্ঠপুর আর্মি গ্রাউন্ডে (সেবক মিলিটারি স্টেশন) র‍্যালি আয়োজিত হবে ৫ সেপ্টেম্বর থেকে ১২ সেপ্টেম্বর পর্যন্ত। প্রার্থী বাছাই করবে শিলিগুড়ি আর্মি রিক্রুটিং অফিস।

র‍্যালিতে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের অনলাইন দরখাস্ত করতে হবে। সরাসরি র‍্যালিতে যোগ দেওয়া যাবে না। অনলাইন দরখাস্ত করার জন্য আগে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। ২০ অগস্ট পর্যন্ত রেজিস্ট্রেশন করা যাবে। অনলাইন রেজিস্ট্রেশন ও দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in অনলাইন দরখাস্তে চালু ই-মেল অ্যাড্রেস উল্লেখ করবেন। ই-মেল না থাকলে আগে খুলে নিয়ে তারপর রেজিস্ট্রেশন করবেন। জেলা ও সোলজারের ক্যাটেগরি অনুসারে র‍্যালিতে উপস্থিত হওয়ার তারিখ জানিয়ে প্রার্থীর ই-মেলে অ্যাডমিট কার্ড পাঠানো হবে ২১ অগস্ট থেকে ২৭ অগস্টের মধ্যে। অ্যাডমিট কার্ডের দু'টি প্রিন্ট আউট সঙ্গে নিয়ে নির্দিষ্ট দিন র‍্যালিতে যাবেন।

নিয়োগ হবে এইসব ক্যাটেগরিতে: সোলজার জেনারেল ডিউটি, সোলজার টেকনিক্যাল, সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন এক্সামিনার), সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট/নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি, সোলজার ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল ও সোলজার ট্রেডসম্যান।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এইসব জেলার ছেলেরা: জলপাইগুড়ি, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহার। শিলিগুড়ি

*এরপর পনেরোর পাতায়*

# নবোদয় বিদ্যালয়ে ২৩৬৪ শিক্ষক-শিক্ষিকা, ক্লার্ক, নার্স

২,৩৬৪ জন পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (পি জি টি), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি), লাইব্রেরিয়ান, স্টাফ নার্স, মিসলেনিয়াস টিচার, ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক নিয়োগ করবে নবোদয় বিদ্যালয় সমিতি। এটি ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা।

**বিষয় অনুসারে শূন্যপদের বিন্যাস: পোস্ট-গ্র্যাজুয়েট টিচার:** বায়োলজি: ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। কেমিস্ট্রি: ৪৫টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। কমার্স: ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ইকনমিক্স:

*এরপর চোদ্দোর পাতায়*

# মাজাগন ডকে ৩৬৬ ইলেক্ট্রিশিয়ান ও রিগার

৩৬৬ জন কর্মী নিয়োগ করবে মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তিতে নিয়োগ হবে ইলেক্ট্রিশিয়ান এবং রিগার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MDL/HR-REC-NE/89/2019.

**শূন্যপদের বিবরণ: ইলেক্ট্রিশিয়ান:** ১৪৯টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৩, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষা পাশ করে থাকতে হবে।

**রিগার:** ২১৭টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৫৭, আর্থিকভাবে অনগ্রসর ২০)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষা পাশ করে থাকতে হবে। অন্য যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকলেও রিগার পদে আবেদন করতে পারেন।

*এরপর চোদ্দোর পাতায়*

**আরও চাকরির খবর ভেতরের পাতায়**

## কোর্স করেই চাকরির শেষ সুযোগ

মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলের পর কি নিয়ে বড়বেন ? বা কি নিয়ে পড়লে সহজে চাকরি পাবেন সেই চিন্তায় অনেক ছাত্র-ছাত্রী এখনও হতাশাগ্রস্থ। বর্তমান পরিস্থিতিতে প্রত্যেকেরই একটা চাকরির প্রয়োজন। আয়ের উৎস হল চাকরি। জীবনে চলার পথে প্রতিটি ক্ষেত্রেই অর্থের প্রয়োজন। অর্থ ছাড়া মানুষ আজ অসহায়, জীবনে চলার পথে সঠিক পথনির্দেশ পেলে ছাত্রছাত্রী উভয়েই উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে সক্ষম। বর্তমান সমাজ ব্যবস্থায় কোর্স করেই চাকরির শ্রেষ্ঠ ঠিকানা Hotel & Hospitality Management. এই কোর্স করলে আপনি অতি সহজেই পাবেন চাকরি। এখন সবথেকে বড় প্রশ্ন Hotel বা Hospitality Management-এর College তো অনেক আছে। কোথায় ভর্তি হলে আপনি সঠিক চাকরি পাবেন বা কোনো রকমের প্রতারণায় পড়বেন না ? College-এর Campus দেখে নয়, যে College-এ আপনি ভর্তি হবেন সেই কলেজ আপনাকে চাকরী দেবে কিনা ? বা বিগত বছরে সেই কলেজের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছে কিনা ? তা দেখে ভর্তি হবেন। বর্তমানে TIEM এমন একটি Management College যেখানে ভর্তি হলেই আপনার ভাগ্য যাবে বদলে, কারন TIEM দিচ্ছে কম খরচে কোর্স করে দেশে ও বিদেশে চাকরীর সুযোগ। TIEM কখনও Course Fees-এর থেকে বেশি টাকা দাবী করে না। TIEM-এ ভর্তি প্রায় শেষ পর্যায়ে। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন– 9002469602 এবং 9134049034 নম্বরে।

TIEM®
NOW ADMISSION OPEN
Govt. Reg. : S/2L/No. 33016
The Institute of Education & Management
AN ISO 9001-2015 Certified
Hotel & Hospitality Management



কোর্স করলেই চাকরি
- কোর্স করতে করতে দেশ বিদেশে চাকরির সুযোগ।
- দুঃস্থ ছাত্রছাত্রীদের বিনা খরচে কোর্স করার সুযোগ।
- মাসিক কিস্তিতে কোর্স করার সুযোগ।

কেন TIEM-এ ভর্তি হবেন ?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা ❖ Instalment এ Course Fees দেওয়ার সুবিধা। ❖ নূন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free.

100% Placement
ভর্তির শেষ তারিখ 16.07.2019

Tamluk Campus : Hospital More, Tamluk, Purba Medinipur, Pin-721636 Call : 9134049034/8697588002
Kolkata Campus : 6, Seal's Garden Lane, Kolkata - 700 002 Call : 9002469602/6289638534

## সরকারি ও নিজস্ব হাসপাতালে ১১০০ ছেলেমেয়ের নার্সিং, ফার্মাসি, প্যারামেডিকেল কোর্সে ট্রেনিং দিয়ে চাকরি

GNM, B.Sc. নার্সিং, ANM নার্সিং, D-Pharm, DMLT, ECG, X-RAY



Recognised by Govt.-INC-PCI various State Govt. Council, UGC Approved University

নিজস্ব প্রতিনিধি : পঃ বঃ সরকার, কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে তথা বেসরকারি স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে "ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স" ও "অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন" এর যৌথ উদ্যোগে ১১০০ ছেলে ও মেয়েকে কাউন্সিলিং এর মাধ্যমে GNM, B.Sc. নার্সিং, D.Pharmacy, DMLT, ECG, X-Ray কোর্সে সরাসরি ভর্তি শুরু হয়েছে।

পঃ বঃ সরকারের অধীনস্থ GNM কোর্সে আবেদনকারী আশানুরূপ র‍্যাঙ্কিং এ ব্যর্থ ছাত্রছাত্রীরা শীঘ্র যোগাযোগ করুন।

যোগ্যতা : ন্যূনতম উচ্চমাধ্যমিকে 40% মার্কসসহ যেকোনো শাখায় পাশ ছেলে ও মেয়েরা GNM এবং সায়েন্স শাখায় ন্যূনতম 45% মার্কসসহ পাশ ছেলে ও মেয়েরা B.Sc. নার্সিং ও ফার্মাসি কোর্সে আবেদনযোগ্য

বিশেষত্ব : ☛ 100% Job এবং Education Loan ☛ সার্টিফিকেট পশ্চিমবঙ্গ সরকার সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারিতে মান্যতাপ্রাপ্ত ☛ নিজস্ব কলেজ ও সরকারি ও নিজস্ব হাসপাতালে প্র্যাক্টিক্যালের ব্যবস্থা।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 certified)

কোলকাতা (মেডিভিউ চিকিৎসালয়ের কাছে) : 033-46028297, 9836442992, 8145960410, বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) : 8972046553, বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) : 7450978001, বর্ধমান (হসপিটাল / G.T. রোড) : 7319013461, শিলিগুড়ি (প্যাটেল রোড / হেরিটেজ মোড়, NJB জংশনের কাছে) : 8167033305

Visit our website : www.ninps.org

## দিল্লি বিশ্ববিদ্যালয়ে ২২৪ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ২২৪ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে দিল্লি বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Estab.IV/278/2019. সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বিষয়গুলি হল (বন্ধনীতে শূন্যপদ):** কেমিস্ট্রি: ১৩টি, কমার্স: ১৬টি, কম্পিউটার সায়েন্স: ৬টি, ইস্ট এশিয়ান স্টাডিজ: ৬টি, ইকনমিক্স: ১৪টি, এনভায়রনমেন্টাল স্টাডিজ: ৬টি,

*এরপর চোদ্দোর পাতায়*

## খাদি ও গ্রামোদ্যোগে ১১০

বিভিন্ন পদে ১১০ জন কর্মী নিয়োগ করবে খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন। নিয়োগ করা হবে এক্সিকিউটিভ, জুনিয়র এক্সিকিউটিভ, সিনিয়র এক্সিকিউটিভ ও অ্যাসিস্ট্যান্ট পদে। এটি তফসিলিদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: KVIC/Adm./Recruitment/2(30)/2019-20.

**শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড ২১: সিনিয়র এক্সিকিউটিভ (ইকনমিক রিসার্চ):** ৯টি (তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** ইকনমিক্স বা স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। কমার্সে স্নাতকোত্তর

*এরপর পনেরোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

*বর্ষ ৩৯ সংখ্যা ৪৯ □ ১০ জুলাই ২০১৯*

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**Samata Cooperative Development** Bank Ltd, Karunamoyee Community Complex, (1st Floor), ED Block, Salt Lake, Kolkata-700091, invite applications from residents of Kolkata for recruitment of some Daily Deposit Collection Agents for its different areas. All the interested candidates are requested to send their Bio Data to bank's registered mail id info@samatabank.org within 20th July'2019 in this respect. Eligibility: Invite applications from suitable 10th passed candidates between the age group of 25 years to 40 years, resident of Kolkata for a Co-operative Bank.

□

**SBI / HDFC / ICICI / UCO BANK-**এ MNC Co. PAYTM DIRECT PAY ROLL-এ সরাসরি ব্যাঙ্কিং প্রসেসে স্মার্ট বাংলাভাষী (18-36) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 11,490/- – 34,850/- (PF + ESI + INC). W2C, Kol-54. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, বিধাননগর / হাওড়া: 90513-83837 বেহালা / ধর্মতলা: 62892-51870, বারাকপুর / কল্যাণী: 90629-77779.

□

### ফার্মাসিস্ট চাই

হাওড়ার আমতায় ওষুধের দোকানের জন্য ফার্মাসিস্ট (ডিপ্লোমা/ডিগ্রি) চাই। শীঘ্র। মোঃ 86177-90463. মেডিকিওর মেডিক্যাল হল, মানিকলাল মণ্ডল, গ্রাম + পোঃ + থানা-আমতা, হাওড়া- 711 401.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**SBI Banking/ Naptol/Jio কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91, M: 90880-93059 / 91443-50092.

□

**হাইটেক পেইন্টস- ২৮০, এম. বি. রোড** (নজরুল পথ), বিরাটী, কোলকাতা-৭০০ ০৫১, মোঃ নংঃ 94321-74710. রং কারখানায় থেকে কাজের জন্য লোক চাই।

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৪ জুলাই **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২০ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন** নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্রাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

### BSNL/VODA/JIO

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

### Airport ও মেট্রোতে 322 জনের Direct নিয়োগ

**GST নং: 29AAACA6412D3J3** কন্ট্রাক্টরের অধীনে SV, ইনচার্জ, চেকিং, ট্রলিবয়, টোকেনবয় পদে সম্পূর্ণ বিনা ডোনেশনে M/F চাই। এছাড়া প্রতিটি জেলায় BANK (DSA)-তে Official পদে কর্মী চাই। বেতন: 16,200/- – 32,700/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। ESI, PF ও OT-এর সুবিধা। (M): 74786-13356. A. J. Belgharia, Kol-56.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক, উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট- ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**Govt. R/L No.: 2807, কোনও** ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-), OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292 M: 74070-36062

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

## কর্মখালি

### Airtel 4G, JIO 4G ও SBI Banking বাংলা কাস্টমার কেয়ারে

**মাধ্যমিক-গ্র্যাজুয়েট (18-35) অভিজ্ঞ/** অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060, গড়িয়া: 90020-33880, শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

**Jio/ SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, 90513-76362 / 74509-64662.

□

**SPAN & ASSOCIATES, CA Firm** requires Graduates to take up Field Verification / Audit Job. Candidates with two wheelers will be preferred. Ph: 24235104 / 8274030628. E-mail – mailus.span@gmail.com 14/28 Golf Club Road, Kolkata-700 033.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি সপ্তায় 6 দিন

**গভঃ স্বীকৃত Airport ও Pvt. ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। S. R. C. Pvt. Ltd, G. Place, Kol-1, (M): 81168-54264.

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M: 96148-26939

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

**Jio/ SBI/ Naptol কাস্টমার কেয়ারে** M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91. 96747-95345.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM, B.Sc, P. B. B.Sc, M.Sc (N)** সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98301 -36581/ 80018-14240, নিউ ডলফিন, মথুরাপুর ও নিউ গড়িয়া মেট্রো স্টেশন।

□

**3 বছরের এল এল বি ডিগ্রি কোর্সে ভর্তি** চলিতেছে। খুব সহজে সাজেশন-সহ পাস গ্যারান্টি। গ্র্যাজুয়েশনে 45% মার্কস আবশ্যিক। যোগাযোগ: 98316-76825 The Lawgical Network, Delta House, 7th Floor, Chamber-726, 4th Government Place, Kol-1.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## স্কুল-কলেজ শিক্ষা

### ITI-এ সরাসরি ভর্তি

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/ 98300-48759.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

**ডন বস্কো টেকনিক্যাল স্কুল, লিলুয়া,** হাওড়া-711204-তে BASIC WELDING (MIG-TIG), CNC, ADVANCE CNC. বয়স: ১৮ থেকে ৩০ বছর। যোগ্যতা: ন্যূনতম অষ্টম, দশম, দ্বাদশ, I.T.I / DIPLOMA পাশ। মোঃ 98318-15440 / 86170-04712 / 033-2655-5431. ট্রেনিং-এর পরে কাজ দেওয়া হয়।

□

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B.Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**350 টাকা মাসে Rail, PSC, NTPC,** ক্লার্ক, ICDS পড়ানো হয় Math, G.I, G.K, ঢাকুরিয়া, শিয়ালদহ, Kol-31, P.A: 98046-61270.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

**WBCS, CGL, BANK, PSC, Rail** ফ্রী Demo ক্লাস, মাসিক ফি। কয়েকশো সফল, Since 2008 শিয়ালদহ, ICON: 82405-60630.

□

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়,** Maths, G.I, G.K; গড়িয়া, শিয়ালদহ, উঃ দিনাজপুর, 500/ Month. 87772-17803.

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০

সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫

কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০

**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০

পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫

মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# খাতা তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** স্কুল-কলেজ, অফিস-আদালত সর্বত্র সারাবছরই খাতার চাহিদা থাকে। লাইন-টানা, সাদা, বিজ্ঞানের প্র্যাক্টিক্যাল খাতা, হিসাবশাস্ত্রের লেজার বুক প্রভৃতি বিভিন্নরকম খাতা তৈরি করে স্কুলে বা দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে রিম কাগজ কিনে আনতে হবে। সস্তায় এই কাগজ পাবেন বৈঠকখানা বাজার ও রাজাবাজার অঞ্চলে। এরপর পেপার কাটিং মেশিনের সাহায্যে খাতার মাপ অনুযায়ী তা কেটে নিতে হবে। লাইন টানা খাতা বা লেজার বুক তৈরি করতে রুলিং মেশিনের প্রয়োজন। রুলিং মেশিনের সাহায্যে সাদা পাতায় প্রয়োজনমতো লাইন টেনে নেওয়া যায়। পৃষ্ঠা-নম্বর বসানোর জন্য বা সিরিয়াল-নম্বর লেখার জন্য প্রয়োজন কাউন্টিং মেশিনের। বিভিন্ন ডিজাইনের, বিভিন্ন রঙের, বিভিন্ন সাইজের মলাট বাজারে কিনতে পাওয়া যায়। খাতা সেলাইয়ের জন্য প্রয়োজন স্টিচিং মেশিন। প্রয়োজনমতো নির্দিষ্ট সংখ্যক পাতা মলাটসমেত একত্র করে স্টিচিং মেশিনের সাহায্যে সেলাই করে নিতে হবে। খাতা তৈরির পর খাতার কাগজগুলো ফুলে থাকলে একটি হার্ডপ্রেসে অনেকগুলো খাতা পরপর সাজিয়ে চাপে রেখে দিতে হবে। এভাবে ঘণ্টা দুই-তিন থাকার পর খাতাগুলি সমান হয়ে যাবে। কার্যক্ষমতা অনুযায়ী মোটরচালিত পেপার কাটিং মেশিনের জন্য মোটর লাগবে ১-২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ৩২ ইঞ্চি মোটরচালিত কাটিং মেশিনটির দাম পড়বে ১,৩০,০০০ টাকা। রুলিং মেশিনের দাম ৮০,০০০ টাকা। স্টিচিং মেশিনের দাম ৩৫,০০০ টাকা। কাউন্টিং মেশিনটি মোটরচালিত হলে দাম পড়বে ৩০,০০০ টাকা এবং হস্তচালিত হলে তার দাম পড়বে ১,২০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

১ চান্সে পাশ করুন
B.A / M.A - [HISTORY, ENGLISH, GEOGRAPHY, POL. Sc, EDUCATION, SOCIOLOGY] B.Sc / M.Sc - [PHYSICS, CHEMISTRY, MATH, STATS, ZOOLOGY, BOTANY, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY]
B.Com / M.Com / BBA / MBA / BCA / MCA
B.Tech / M.Tech / BLIS / LLB / LLM
Pharmacy, Nursing B.ED @ 4000/- P.M M.ED @ 5000/- P.M
+ UGC Approved University (Regular / Distance) কোর্সে ভর্তি করা হয়।
+ Special Facility For Working people + প্রয়োজনীয় কোচিং এর ব্যবস্থা
+ A.C Class room + Hostel Facility (Boys / Girls)
VIII/X/XII Fail ? | ১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
Joint Entrance & ICSE / CBSE / WB বোর্ড Exam Classes
NEET / JEE (MAIN + ADVANCE)
VOCLET / JELET / CAT / MAT / GMAT / CLAT / JENPAUH
MOCK TEST : 1 to 5 Test @ 750/- TO 2500/-
Scholarship up-to 50 % FREE SPOKEN ENGLISH
Mindmine Tutorial Home under MIST
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656



নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com
www.eNirobAalo.tk

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কাজটাকে অবহেলা কোরো না কখনই। কাজের মাধ্যমেই তুমি উদ্ভাসিত হয়ে উঠবে। কাজ ছাড়া জীবন শূন্য।*
*— স্টিফেন হকিং*
*(ব্রিটিশ তাত্ত্বিক পদার্থবিদ)*

***✓ বায়োটেকনোলজিতে বি এসসি অনার্স করার পরে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে ফার্মাসিউটিক্যাল ইনস্ট্রুমেন্টাল অ্যানালিসিসের ৯ মাসের সার্টিফিকেট কোর্সের ফাইনাল পরীক্ষা দিয়েছি। ফল প্রকাশিত হয়নি। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। শুধু ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রির চাকরি নয়, বিভিন্ন চাকরির কথাই জানতে চাই। কোন কোন সরকারি চাকরির জন্য আমি আবেদন করতে পারব জানতে চাই।***

*অনুসূয়া চক্রবর্তী, শ্যামলী অ্যাপার্টমেন্ট, পূর্বপল্লী, সোদপুর, কলকাতা।*

□ প্রথমত, আপনি ফার্মাসিউটিক্যাল শিল্পে চাকরির উদ্যোগ নিতে পারেন। ফার্মাসিউটিক্যাল ইনস্ট্রুমেন্টাল অ্যানালিসিসের পেশাদাররা বিভিন্ন ফার্মাসিউটিক্যাল সংস্থায় কোয়ালিটি কন্ট্রোল বিভাগে চাকরি পেতে পারেন। এ ছাড়াও ফার্মাসি-সংক্রান্ত তথ্য প্রস্তুত ও সংরক্ষণ, ইনফর্মেশন প্রসেসিং, মনিটরিং, ওষুধ তৈরির জন্য প্রয়োজনীয় সাজসরঞ্জাম পরিদর্শন ও সংরক্ষণ প্রভৃতি ক্ষেত্রে কাজের সুযোগ আছে।

সরকারি চাকরি করতে চাইলে গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক এবং প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস-অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে, ব্যাঙ্কের যে-কোনও পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় পাশ করতে হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়ে থাকে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার, কাস্টমার রিলেশনশিপ পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার হয় না। সরাসরিই আবেদন করা যায়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, টিকিট এক্সামিনার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষাতেও বসতে পারেন।

***✓ বি কম পাশ করেছি ২০১৭-য়। স্প্রেডশিট ও ট্যালির ব্যবহার জানি। একটি অডিট সংস্থায় চাকরি করছি। সরকারি চাকরির খবর দেবেন।***

*অভিষেক মাইতি, বাঁশবেড়িয়া, হুগলি।*

□ বিভিন্ন সরকারি সংস্থাতেই জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, অ্যাকাউন্ট্যান্ট পদে চাকরির সুযোগ আছে। এ ছাড়াও গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিস কিছু অ্যাকাউন্ট্যান্ট নেবে। কমার্স গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। স্প্রেডশিট ও ট্যালি জানা থাকা দরকার। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'নদিয়ায় ডেটা এন্ট্রি অপারেটর ও অ্যাকাউন্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in ১০ জুলাইয়ের মধ্যে নথিপত্র-সহ দরখাস্ত জমা দিতে হবে হাতে হাতে বা স্পিড পোস্ট মারফত নদিয়া জেলা সিলেকশন কমিটির অফিসে।

> নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিস কিছু অ্যাকাউন্ট্যান্ট নেবে। কমার্স গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। স্প্রেডশিট ও ট্যালি জানা থাকা দরকার।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় সরকারের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল বা পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। কয়েকটি পদের ক্ষেত্রে কমার্স গ্র্যাজুয়েটরা সুবিধাই পেয়ে থাকেন। আরও বিভিন্ন সরকারি সংস্থায় জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট পদে চাকরির সুযোগ আছে। এ ধরনের চাকরির বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করার পরে ফিটার ট্রেডে আই টি আই কোর্স করেছি। চাকরির খবর দেবেন।***

*কুন্তল দে, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□ ফিটার ট্রেডের আই টি আই সার্টিফিকেটধারীদের চাকরির সুযোগ আছে বিভিন্ন সরকারি সংস্থাতেই। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** স্টিল অথরিটি অব ইন্ডিয়া কিছু অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি নেবে। ফিটার ট্রেডের আই টি আই সার্টিফিকেটধারীরা আবেদনের যোগ্য। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৫ ও ৭৯ সেমি। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'স্টিল অথরিটিতে ১৮৮' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১০-৩১ জুলাইয়ের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আপনি আবেদন করতে পারবেন। শিপইয়ার্ড, ন্যাভাল ডকইয়ার্ড, আধা সামরিক বাহিনী-সহ বিভিন্ন প্রোডাকশন এবং ম্যানুফ্যাকচারিং সংস্থায় চাকরির সুযোগ আছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

***✓ গ্র্যাজুয়েট। টাইপিং জানি। মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করতে পারব। ডেটা এন্ট্রির কাজের অভিজ্ঞতা আছে। টাইপিং বা ডেটা এন্ট্রি-সংক্রান্ত চাকরির খোঁজ পেতে চাইছি।***

*রবিশঙ্কর মিত্র, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□ টাইপিংয়ের গতি ভালো থাকায় আপনি টাইপিস্ট ছাড়াও ডেটা এন্ট্রি অপারেটর পদের জন্যও আবেদন করতে পারেন। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন ২,১৮৯জন সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট নেবে। ঘণ্টায় ৫০০০ কম্পিউটার কি-ডিপ্রেশনের গতি থাকলে এই পদে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ২১৮৯ সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২১ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.epfindia.gov.in

কিছু ডেটা এন্ট্রি অপারেটর নেবে নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিস। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'নদিয়ায় ডেটা এন্ট্রি অপারেটর ও অ্যাকাউন্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in ১০ জুলাইয়ের মধ্যে নথিপত্র-সহ দরখাস্ত জমা দিতে হবে হাতে হাতে বা স্পিড পোস্ট মারফত নদিয়া জেলা সিলেকশন কমিটির অফিসে।

> এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন ২,১৮৯জন সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট নেবে। ঘণ্টায় ৫০০০ কম্পিউটার কি-ডিপ্রেশনের গতি থাকলে এই পদে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ২১৮৯ সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক বা ডেটা এন্ট্রি অপারেটর পদে আবেদন করতে পারবেন। ডাক বিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রেলে বুকিং ক্লার্ক, সিনিয়র টাইম কিপার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এ ছাড়াও আদালত, কলেজ, বিশ্ববিদ্যালয়ে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন।

## বাস্তব জগৎ থেকেও শিক্ষা নিন



**ডঃ সমীরকুমার সামন্ত**
প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর (গবেষণা), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

শুধু বইপত্র নয়, গোটা পৃথিবীটাও ছড়ানো রয়েছে খোলা বইয়ের মতো। বাস্তবতা থেকেও শিক্ষা নেওয়ার আছে। কেরিয়ার গড়ার ক্ষেত্রেও সেই শিক্ষাটা কাজে লাগে। কর্পোরেট সংস্থার চাকরিতে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে এই বাস্তব জ্ঞানের পরিধি বিশেষ গুরুত্ব পায়। জাতীয় বা আন্তর্জাতিক ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ঘটনাবলির ওপর নজর রাখা, বিশেষ গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কিত বিশেষজ্ঞদের মতামত সম্পর্কে অবহিত থাকা, কোনও ঘটনা বা ঘটনা পরম্পরাকে নিজের মতো করে বিচার-বিশ্লেষণ করে দেখার মধ্য দিয়ে বাস্তব জ্ঞানের পরিধি বাড়তে থাকে ক্রমশ। সরকারি চাকরির পরীক্ষাগুলোতে সাধারণত জেনারেল নলেজ এবং কারেন্ট অ্যাফেয়ার্সের প্রশ্নের মধ্য দিয়ে প্রার্থীর এক্ষেত্রের অ্যাপ্টিটিউড যাচাই করা হয়ে থাকে। একটু উঁচু মাপের চাকরিতে ইন্টারভিউ হয়। সেক্ষেত্রে কিন্তু বাস্তব ঘটনাবলি সম্পর্কে আপনার অ্যাপ্টিটিউড বেশ ভালোমতোই যাচাই করা হবে। এখন যে-কোনও চাকরির পরীক্ষাতেই বিশ্ব-উষ্ণায়ন, জলবায়ুর পরিবর্তনের প্রসঙ্গে প্রশ্ন হতেই পারে। বিশ্ব-উষ্ণায়ন বা জলবায়ুর পরিবর্তন থেকে উদ্ভূত বিপদগুলির কারণে আগামী দিনগুলিতে মানুষ-সহ পৃথিবীর প্রাণিকুল বিপন্ন হয়ে পড়তে পারে। একটি শিক্ষিত ছেলে বা মেয়ের কাছ থেকে এ প্রসঙ্গে তাঁর মতামত জানতে চাওয়া হতেই পারে। কেন আমেরিকা আর ইরানের সম্পর্কের ধারাবাহিক অবনতি ঘটে চলেছে, কেন মার্কিন প্রেসিডেন্ট দক্ষিণ কোরিয়ার সীমান্ত পেরিয়ে উত্তর কোরিয়ার মধ্যে কয়েক পা হেঁটে এসে সে-দেশের সর্বোচ্চ নেতা কিম জং উনের সঙ্গে সাক্ষাৎ করলেন, তা নিয়ে পৃথিবী জুড়ে সংবাদের ঢেউ বয়ে যায়, সে-বিষয়ে শিক্ষিত ছেলেমেয়েরা অবহিত থাকবেন, এটা অবশ্যই আশা করা যায়। ডব্লু বি সি এস বা আই এ এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষায় যাঁরা বসতে চান, তাঁদের তো এরকম হরেক বিষয়েই বিশেষভাবে জানতে হবে।

গুরুত্বপূর্ণ ঘটনাবলি এবং সেগুলির পরম্পরা ধারাবাহিক মনোযোগ দাবি করে। এই কম্পিউটার, মোবাইল ফোনের যুগেও এসব বিষয়ে ওয়াকিবহাল থাকার জন্য খবরের কাগজ এবং অন্যান্য পত্র-পত্রিকার বিকল্প নেই। খবর এবং খবর-সংশ্লিষ্ট বিচার-বিশ্লেষণ সংবলিত প্রবন্ধ, আলোচনা ইত্যাদি পাওয়া যাবে পত্র-পত্রিকায়।

আর বিষয় যাই-ই হোক না কেন, বাস্তব জীবনে তার যোগসূত্র পাবেন। যাঁরা বিষয়ের গভীরে ঢুকে পড়াশোনা করতে চাইছেন, তাঁরা বাস্তবের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ের যোগসূত্রটা আবিষ্কার করতে পারলে বুঝবেন বিষয়ের সঙ্গে আপনার একাত্মতা তৈরি হয়েছে। এই যোগসূত্রটিই আপনার কেরিয়ারে এক আনন্দময় পথ দেখাবে।

> গুরুত্বপূর্ণ ঘটনাবলি এবং সেগুলির পরম্পরা ধারাবাহিক মনোযোগ দাবি করে। এই কম্পিউটার, মোবাইল ফোনের যুগেও এসব বিষয়ে ওয়াকিবহাল থাকার জন্য খবরের কাগজ এবং অন্যান্য পত্র-পত্রিকার বিকল্প নেই।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## রেলওয়ে ইনফর্মেশন সিস্টেমসে সফটওয়্যার ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদে ৫০ জনকে নেবে সেন্টার ফর রেলওয়ে ইনফর্মেশন সিস্টেমস। প্রার্থীকে অবশ্যই ২০১৯-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

মোট শূন্যপদ: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে বি ই বা বি টেক। অথবা এম সি এ। এছাড়া কম্পিউটার সায়েন্সে চার বছর মেয়াদের বি এসসি কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি ২০১৯-এর গেট পরীক্ষায় সি এস (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোরকার্ড থাকতে হবে। **বয়স:** ৭-৮-২০১৯ তারিখ অনুসারে ২২ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ৭ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cris.org.in দরখাস্তের শেষ তারিখ ৭ অগস্ট।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## জেলায় জেলায় চাকরি

### বাঁকুড়ার সরকারি হোমে চাকরি

হাউস কিপার, কুক, চাইল্ড ওয়েলফেয়ার অফিসার-সহ বিভিন্ন পদে ৮ জনকে নেবে বাঁকুড়া জেলার চাইল্ড প্রোটেকশন ইউনিট। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে সুমঙ্গলম হোম ফর বয়েজে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 408/DCPS/BNK.

শূন্যপদের বিন্যাস: কাউন্সেলর: ১টি, চাইল্ড ওয়েলফেয়ার অফিসার: ১টি, হাউস ফাদার: ২টি, স্টোর কিপার-কাম-অ্যাকাউন্ট্যান্ট: ১টি, কুক: ১টি, হাউস কিপার: ২টি।

দরখাস্ত করতে হবে অনলাইনে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৪ জুলাই। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে চাকরি

সাবজেক্ট ম্যাটার স্পেশ্যালিস্ট এবং অ্যাসিস্ট্যান্ট (অ্যাডমিনিস্ট্রেশন/অ্যাকাউন্টস) পদে ৮ জনকে নেবে উত্তর বঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। নিয়োগ হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভিন্ন কৃষিবিজ্ঞান কেন্দ্রে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UBKV/Rect./KVK-01/2019.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ubkv.ac.in

ফি বাবদ ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### হুগলির সরকারি হোমে চাকরি

ম্যানেজার, নার্স, ডাক্তার এবং চাইল্ডহুড এডুকেটর পদে কিছু কর্মী নেবে হুগলির ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর অফিস। চুক্তিতে নিয়োগ করা হবে উত্তরপাড়ার চিল্ড্রেন হোম ফর গার্লসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 927/SW-Hug.

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hooghly. gov.in দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই।

বিশদ বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### বীরভূমে স্টাফ নার্স

স্টাফ নার্স পদে ৮ জনকে নেবে বীরভূম জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ন্যাশনাল আর্বান হেলথ মিশন এবং থ্যালাসেমিয়া কন্ট্রোল ইউনিটের অধীনে চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHFWS/1520.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.birbhum.gov.in

ফি এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সরাসরি ১২ জুলাই, বিকেল ৪টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায় : Office of the Chief Medical Officer of Health (DPMU Section), New Administrative Building, Old Out Door Campus, PO-Suri, District-Birbhum, Pin-731 101.

আগ্রহীরা বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।









Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশন'-এ মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে সিভিল শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানাবেন।—অঞ্জন মান্না, লিলুয়া হাওড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশন'-এ মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে সিভিল শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড থেকে ৩ বছরের সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা এবং সঙ্গে সিভিল ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা। প্রার্থী বাছাই হবে দু'টি পেপারে, মোট ৫০০ নম্বরের অনলাইন (পেপার ওয়ান) ও লিখিত পরীক্ষার (পেপার টু) মাধ্যমে। পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ে তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারে সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। সময় ২ ঘণ্টা। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টুয়ে বসার জন্য যোগ্য বিবেচিত হবেন। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: http://ssc.nic.in

## পি এস সি

□ *আমি ডব্লু বি সি এস পরীক্ষায় চারটি গ্রুপেই আবেদন করতে চাই। কোন গ্রুপে কোন চাকরি হয়ে থাকে, সে বিষয়ে বিস্তারিত জানালে উপকৃত হব। —রঞ্জন ধর, ঝালদা, পুরুলিয়া।*

□□ ডব্লু বি সি এস পরীক্ষা চারটি গ্রুপে বিন্যস্ত। গ্রুপগুলি হল 'এ', 'বি', 'সি' এবং 'ডি'। 'এ' গ্রুপে নিয়োগ হয় এইসব সার্ভিসে: ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল কমার্শিয়াল ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লায়েস সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার [টেকনিক্যাল] বাদে), ওয়েস্ট বেঙ্গল রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভেনিউ সার্ভিস। 'বি' গ্রুপে নিয়োগ হয় ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে। 'সি' গ্রুপে নিয়োগ হয় এই সমস্ত চাকরিতে: সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস (গ্রেড-ওয়ান), অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস। 'ডি' গ্রুপে নিয়োগ হয় ইনস্পেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুর‌্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwb.org.in

## উচ্চশিক্ষা

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি হতে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? কতদিনের কোর্স? প্রার্থী বাছাই করা হবে কীসের ভিত্তিতে? —আয়ুষ দাশগুপ্ত, রাজনগর, বীরভূম।*

□□ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স করায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। কোর্সটি করানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির ক্ষেত্রে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সমতুল জাতীয় স্তরের পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জে-ম্যাট) বা সমতুল স্তরের পরীক্ষার স্কোর থাকতে হবে। প্রাথমিকভাবে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট অথবা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোর্সটির ক্ষেত্রে ক্যাট বা ম্যাট বা জে-ম্যাট বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in

□ *ম্যাট পরীক্ষা সম্পর্কে বিস্তারিত জানতে চাই। —বিদিশা চক্রবর্তী, রাইপুর, বাঁকুড়া।*

□□ অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (এ আই এম এ) পরিচালিত পরবর্তী ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা ম্যাট পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসে। বছরে চার বার এই পরীক্ষা হয়। ম্যাট স্কোর এক বছরের জন্য বৈধ থাকবে। উল্লেখ্য, ম্যাট পরীক্ষার স্কোরের ভিত্তিতে দেশের অন্তত ৬০০টি স্বীকৃত প্রতিষ্ঠানে এম বি এ এবং ম্যানেজমেন্ট বিষয়ক অন্যান্য বিভিন্ন কোর্স পড়া যায়। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা এই পরীক্ষায় বসতে পারেন। স্নাতকের সমাপ্তি বর্ষের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। পেপার-বেসড টেস্ট বা খাতায়-কলমে পরীক্ষা ১ সেপ্টেম্বর। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা শুরু হবে ১৪ সেপ্টেম্বর থেকে। তবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীর সংখ্যা খুব বেশি না হলে একদিনেই পরীক্ষা নেওয়া হবে। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময়সীমা আড়াই ঘণ্টা। পাঁচটি পত্রে পরীক্ষা হবে: ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন, ম্যাথমেটিক্স, ডেটা অ্যানালিসিস অ্যান্ড সাফিশিয়েন্সি, ইন্টেলিজেন্স অ্যান্ড ক্রিটিক্যাল রিজনিং এবং ইন্ডিয়ান অ্যান্ড গ্লোবাল এনভায়রনমেন্ট। প্রতিটি পত্র ৪০ নম্বরের। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.aima.in

## ব্যাঙ্কিং

□ *আই ডি বি আই ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? পরীক্ষাকেন্দ্রগুলির নাম জানাবেন। —অশোক দাস, নবগ্রাম, মুর্শিদাবাদ।*

□□ আই ডি বি আই ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে: লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস (৬০ নম্বর)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং হবে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, বর্ধমান, বহরমপুর, দুর্গাপুর এবং শিলিগুড়ি। ওয়েবসাইট: www.idbibank.in

□ *নৈনিতাল ব্যাঙ্কে পার্সোনেল বিভাগে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —রাজদীপ বিশ্বাস, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ নৈনিতাল ব্যাঙ্কে পার্সোনেল বিভাগে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজনেস ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। আইনে স্নাতক ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সংশ্লিষ্ট ক্ষেত্রে এক থেকে দু'বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (৬০ নম্বর) প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.nainitalbank.co.in

□ *রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —অভয় সামন্ত, চণ্ডিতলা, হুগলি।*

□□ রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয় দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে—প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় (১০০ নম্বর) অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হয় ইংরেজি (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর) এবং রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। মেন পরীক্ষায় (২০০ নম্বর) অবজেক্টিভ ধরনের প্রশ্ন হয় রিজনিং (৪০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৪০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (৪০ নম্বর) এবং কম্পিউটার নলেজ (৪০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা। ইন্টারভিউ ৩৫ নম্বরের। ওয়েবসাইট: www.rbi.org.in

## কোর্স, ট্রেনিং

□ *এম এন জি হেলথকেয়ারে ফার্মাসির ডিপ্লোমা কোর্স করতে চাই। এই কোর্সটি কি স্বীকৃত? কোর্সটি সম্পর্কে বিস্তারিত জানাবেন। —শতদল মুখার্জি, মাধবডিহি, পূর্ব বর্ধমান।*

□□ ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা (ডি ফার্মা) কোর্সে ভর্তি নিচ্ছে এম এন জি হেলথকেয়ার। এটি ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত কোর্স। কোর্স শুরু হবে অক্টোবরের প্রথম সপ্তাহে। ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে অন্তত ১৭ বছর। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: এম এন জি হেলথকেয়ার, ৯/৫, ফিডার রোড, রথতলা, বেলঘরিয়া, কলকাতা-৫৬। ওয়েবসাইট: www.mngacademy.in

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —রূপা মণ্ডল, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ বিভাগ। কোর্সটি ১ বছরের। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা এম এ বা এম এসসি। কোর্স ফি সেমেস্টার প্রতি ৩০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল সায়েন্টিফিক অ্যাপ্টিটিউড বিষয়ে। পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ২৪ জুলাই। পরীক্ষা ৯ অগস্ট। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ১০ জুলাই।

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে রাশিয়ান ভাষায় ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —পরিমল দাস, চন্দননগর, হুগলি।*

□□ রাশিয়ান-সহ বিভিন্ন দেশি ও বিদেশি ভাষার ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষা বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভাষায় ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। যোগাযোগের ঠিকানা: কলকাতা বিশ্ববিদ্যালয়, ভাষা বিভাগ, আশুতোষ বিল্ডিং (সেকেন্ড ফ্লোর), ৮৭/১ কলেজ স্ট্রিট, কলকাতা-৭৩। ওয়েবসাইট: www.caluniv.ac.in

## অন্যান্য চাকরি

□ *নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিসে অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —স্মৃতি রায়, মোল্লাবেলিয়া, নদিয়া।*

□□ নদিয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিসে অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ কমার্সে স্নাতক, সঙ্গে স্প্রেড শিট, ট্যালি ও প্রেজেন্টেশন তৈরি এবং কম্পিউটার এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অ্যাকাউন্ট্যান্সি, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক, ইংলিশ বিষয়ে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১০ জুলাইয়ের মধ্যে সরাসরি বা সাধারণ ডাক অথবা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, District Selection Committee, Rupashree Prakalpa, Nadia, Office of the District Magistrate & Collector, District Project Management Unit (DPMU), Rupashree Prakalpa, Nadia, Pin-741101.

□ *সেইলে জুনিয়র ম্যানেজার-কোয়ালিটি টেস্টিং আল্ট্রাসোনিক পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয় প্রধান, বাগদা, উত্তর ২৪ পরগনা।*

□□ স্টিল অথরিটি অব ইন্ডিয়ায় জুনিয়র ম্যানেজার-কোয়ালিটি টেস্টিং আল্ট্রাসোনিক (ই-ওয়ান) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ মেটালার্জিতে স্নাতক, সঙ্গে আল্ট্রাসোনিক টেস্টিংয়ে ইন্ডিয়ান সোসাইটি ফর ননডেস্ট্রাক্টিভ টেস্টিং বা আমেরিকান সোসাইটি ফর নন-ডেস্ট্রাক্টিভ টেস্টিং লেভেল থ্রি কোর্স পাশ। সেইসঙ্গে কোনও প্রোডাকশন ইউনিট বা ল্যাবরেটরি বা ইন্সপেকশন টেস্টিং এজেন্সিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া উচ্চতা হতে হবে ১৫৫ সেমি। ওজন অন্তত ৪৫ কেজি হতে হবে। ৩১ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

□ *মালদা জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিসে ডেটা এন্ট্রি অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —সদানন্দ হালদার, হাওড়া।*

□□ মালদা জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিসে ডেটা এন্ট্রি অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটারে এম এস অফিসের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক, ইংলিশ বিষয়ে। ওয়েবসাইট: www.malda.gov.in

## বিবিধ

□ *কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট)-এ বসার জন্য প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? —কল্যাণ হাজরা, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

□□ সি-টেটে প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন। অথবা গ্র্যাজুয়েট এবং ২ বছরের ব্যাচেলর অব এডুকেশন (বি এড)। সবক্ষেত্রেই বি এড বা ডি এল এড-এর ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫ শতাংশ ছাড় পাবেন। সবক্ষেত্রেই স্পেশ্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষণ কোর্স রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) এবং সাধারণ শিক্ষক-শিক্ষণ কোর্স এন সি টি ই কর্তৃক স্বীকৃত হতে হবে। ওয়েবসাইট: www.ctet.nic.in

নাম : ..........................................
ঠিকানা : ......................................
..................................................
..................................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


## কী পড়বেন, কোথায় পড়বেন

### মিউজিওলজি, কনজারভেশন ও হিস্ট্রি অব আর্টে এম এ

হিস্ট্রি অব আর্ট, কনজারভেশন এবং মিউজিওলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নেবে দিল্লির ন্যাশনাল মিউজিয়াম ইনস্টিটিউট। এটি ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রতিষ্ঠানের পক্ষ থেকে কিছু সংখ্যক ছাত্রছাত্রীকে শর্তসাপেক্ষে স্টাইপেন্ড দেওয়া হবে।

কোর্সগুলি হল: **এম এ (হিস্ট্রি অব আর্ট)**: মোট আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সোশ্যাল সায়েন্স বা লিবারাল আর্টস বা ফাইন আর্টসে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার।

**এম এ (কনজারভেশন)**: মোট আসনসংখ্যা ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, জিওলজি, বায়োলজি, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি, ভিস্যুয়াল বা ফাইন আর্টস, আর্কিটেকচার, টেকনোলজি বা ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষ.ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। অথবা, মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ হিস্ট্রি বা জিওগ্রাফি বা অ্যানথ্রপলজি বা আর্কিওলজি বা সমতুল বিষয়ে স্নাতক। সে ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে।

**এম এ (মিউজিওলজি)**: মোট আসনসংখ্যা ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ আর্টস বা সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বা হিউম্যানিটিজের যে-কোনও শাখায় স্নাতক। হিস্ট্রি অব আর্ট এবং মিউজিয়াম স্টাডিজ সম্পর্কিত বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার।

সবক'টি কোর্সে ভর্তির ক্ষেত্রেই মাতৃভাষা ছাড়াও সংস্কৃত, তামিল, তেলুগু, কন্নড়, পার্সি, আরবি, গ্রিক, ল্যাটিন, জার্মান, ফ্রেঞ্চ, ইতালিয়ান প্রভৃতি ভাষার মধ্যে কোনও একটি জানা থাকলে অগ্রাধিকার।

শিক্ষাগত স্তরে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের একটি লিখিত পরীক্ষা নেওয়া হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nmi.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন**: ✓পাসপোর্ট মাপের একটি স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি ফর্মের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৬ জুলাইয়ের মধ্যে পূরণ করা আবেদনপত্র ও প্রয়োজনীয় নথিপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Registrar, National Museum Institute, 1st Floor, National Museum, Janpath, New Delhi-110 011.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩০১-২১০৬।

## স্কলারশিপের খোঁজখবর

### ইউ জি এ এম-লেগ্রান্ড স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯-২০

টেকনোলজি বা আর্কিটেকচারে স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লেগ্রান্ড।

**আবেদনের যোগ্যতা**: বিজ্ঞান শাখায় অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। মাধ্যমিকেও ৭৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখের নীচে। **স্কলারশিপের পরিমাণ**: বছর প্রতি ৬০,০০০ টাকা বা মোট কোর্স ফিয়ের ৬০ শতাংশ।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/LFL2 আবেদনের শেষ তারিখ ২৫ জুলাই।

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক এম বি এ স্কলারশিপ ২০১৯-২১

মাস্টার অব অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্স পড়তে ইচ্ছুক আর্থিকভাবে দুর্বল ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক। দেশের নির্দিষ্ট ১৫০টি প্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে পূর্ণ সময়ের এম বি এ বা সমতুল কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ**: বছর প্রতি ১ লাখ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/IFBMS1 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### উজ্জ্বল ভবিষ্য স্কলারশিপ ২০১৯-২০

দশম শ্রেণি উত্তীর্ণ এবং আর্থিকভাবে অনগ্রসর ৫০০ ছাত্রছাত্রীকে উচ্চশিক্ষার্থে স্কলারশিপ দিচ্ছে ভি-মার্ট। নির্বাচিত ছাত্রছাত্রীদের স্কলারশিপ বাবদ দেওয়া হবে ১০,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা**: ২০১৯ সালে অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ দশম শ্রেণি পাশ। বয়স ৩১-৫-২০১৯ তারিখে ১৪ থেকে ১৬ বছরের মধ্যে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লাখের নিচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/UBS9 আবেদনের শেষ তারিখ ১৫ জুলাই।

### দ্য হনস ফাউন্ডেশন ফেলোশিপ প্রোগ্রাম ২০১৯

ডেভেলপমেন্ট সেক্টরে কাজ করতে ইচ্ছুক ১৫ জন পেশাদারকে ফেলোশিপ দিচ্ছে হনস ফাউন্ডেশন। নির্বাচিত প্রার্থীরা বিভিন্ন নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশনে (এন জি ও) কাজ করার সুযোগ পাবেন।

**আবেদনের যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। বয়স ২১ থেকে ২৮ বছরের মধ্যে।

**ফেলোশিপের পরিমাণ**: প্রতি মাসে ৩৫,০০০ টাকা। ট্রেনিংয়ের খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/THF1 আবেদনের শেষ তারিখ ১৫ জুলাই।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

### ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের আংশিক সময়ের ডিপ্লোমা কোর্স

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের আংশিক সময়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে হুগলির টেকনিক পলিটেকনিক ইনস্টিটিউট। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। কোর্সের মেয়াদ চার বছর।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক, সঙ্গে ২ বছরের আই টি আই কোর্স পাশ অথবা কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webscte.co.in

ফি বাবদ নগদে দিতে হবে ৫০০ টাকা (কন্যাশ্রীদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে সংস্থার তরফে দেওয়া আইডেন্টিটি কার্ড এবং কন্যাশ্রী প্রাপকদের ক্ষেত্রে প্রয়োজনীয় নথির নকল আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

পূরণ করা আবেদনপত্র ১৭ জুলাইয়ের মধ্যে যে-কোনও কাজের দিন সকাল ১১টাকা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Technique Polytechnic Institute, Panchrokhi, P.O. Sugandha, Dist.-Hooghly, PIN-712102.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি

মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রশিক্ষণ দেবে কলেজের কম্পিউটার সেন্টার অ্যান্ড সেন্ট্রাল কম্পিউটিং ফেসিলিটিজ বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ড্রয়িং ও স্কেচিংয়ে দক্ষতা থাকতে হবে।

ক্লাস হবে সপ্তাহে তিন দিন করে, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত (শনিবারের ক্ষেত্রে বিকেল ৩টে থেকে ৫টা)। কোর্স ফি: ৩৮,০০০ টাকা। দু'টি কিস্তিতে (২২,০০০ টাকা ও ১৬,০০০ টাকা) ফি দেওয়ার সুবিধা রয়েছে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৯ জুলাই (বুধবার), বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৬টা। সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর দক্ষতা যাচাই করা হবে। সফলদের তালিকা প্রকাশিত হবে ২২ জুলাই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট কার্ড এবং সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। ই-রিসিপ্ট ও অ্যাকনলেজমেন্ট কার্ড পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ৯৮৩১৭৫৭৮০৮।

**সূত্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**

**অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম**
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT , পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)

**(১) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট**
**(২) অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান**
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)

**কোর্সের মেয়াদকাল :** ৬ মাস।
**শিক্ষাগত যোগ্যতা :** ১২ পাশ।
**বয়সসীমা :** ১৮ থেকে ৩৫ বছর।
**কোর্স ফি :** ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য
**স্টাইপেন্ড :** ১,০০০ টাকা।

**প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।**

**ট্রেনিং সেন্টার : সূত্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।**
**যোগাযোগ : 8622980053, 9875579240, 8926920049**
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)

### অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনে নিখরচায় পেশাদারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি**: নিখরচায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ এবং মোবাইল ফোন রিপেয়ারিং কোর্সে পেশাদারি প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। হাওড়া ও মুর্শিদাবাদ জেলার তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

৩ মাসের আবাসিক কোর্স এটি। প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়া ও প্রশিক্ষণের জন্য কোনও খরচ নেই। দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল প্রকল্পের আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে।

অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের তরফে জানানো হয়েছে এই দুই প্রশিক্ষণ কোর্সে কম্পিউটারও শেখানো হবে। জোর দেওয়া হবে ব্যক্তিত্বের বিকাশের উপরেও।

প্রশিক্ষণ শেষে চাকরির ব্যাপারেও সহায়তা করা হবে বলে প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। প্রশিক্ষণ শুরু হবে ২৩ জুলাই। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ২২ জুলাই।

ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (সিমেন্ট কারখানার ভিতরে), ধুলাগোড়ি, সাঁকরাইল, হাওড়া। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৮৯৮১১-৯৭০০৯।

### কেন্দ্রীয় সরকারের চাকরিতে শূন্যপদ ৭ লক্ষ

**নিজস্ব প্রতিনিধি**: সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন চাকরিতে প্রায় ৭ লক্ষ শূন্যপদ রয়েছে। সম্প্রতি লোকসভায় শ্রমমন্ত্রকের পক্ষ থেকে দেওয়া এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে। এই বিবৃতিতে আরও জানানো হয়েছে এই ৭ লক্ষের মধ্যে আড়াই লক্ষের বেশি শূন্যপদ রয়েছে শুধু রেলে।

সম্প্রতি লোকসভায় এক প্রশ্নের উত্তরে রেলমন্ত্রী পীযূষ গোয়েল জানিয়েছেন, কলকাতা মেট্রো-সহ রেলের ১৬টি জোনে নন-গেজেটেড পদগুলিতে এই মুহূর্তে মোট শূন্যপদের সংখ্যা ২ লক্ষ ৯৮ হাজার ৫৭৪টি। কলকাতা মেট্রোয় নন-গেজেটেড শূন্যপদের সংখ্যা ৯২৫টি, পূর্ব রেলে ২৩ হাজার ৯৬১টি, দক্ষিণ-পূর্ব রেলে ১৭ হাজার ৭৩৮টি।

**পুলিশে ৫ লক্ষ**: দেশজুড়ে বিভিন্ন রাজ্যের পুলিশ বিভাগে অন্তত ৫ লক্ষ পদ শূন্য পড়ে আছে। স্বরাষ্ট্র মন্ত্রকের সাম্প্রতিক তথ্য অনুসারে, দেশজুড়ে পুলিশ বাহিনীতে মোট অনুমোদিত পদের সংখ্যা ২২ লক্ষ ৬৩ হাজার। বর্তমানে শূন্যপদের সংখ্যা ৫ লক্ষ ২ হাজার ২২টি।

পশ্চিমবঙ্গের পুলিশ বাহিনীতে এই মুহূর্তে ৩৫ হাজার শূন্যপদ রয়েছে বলে স্বরাষ্ট্র মন্ত্রকের পরিসংখ্যানে জানানো হয়েছে। সর্বাধিক শূন্যপদ রয়েছে উত্তরপ্রদেশ পুলিশে। শূন্যপদের সংখ্যা ১ লক্ষ ৮০ হাজার।

**REQUIRED**

Urgently required Call Centre executive and data entry operator with spoken english capability and basic computer knowledge. Salary+ incentive, Food & travel allowances.

**Contact:**
**90510 66939 / 2419-7036**

**SISTER NIVEDITA NURSING ACADEMY**
Unit of THE CALCUTTA HEART CLINIC & HOSPITAL SOCIETY
HC-4 Sector-III Bidhannagar Kolkata - 700 106
PHONE : 9073931592,9073931593

**ADMISSION TO GENERAL NURSING MIDWIFERY (GNM)**
**3 Years COURSE = October 2019 - September 2022**

**ELIGIBILITY**
1) Passed HS Exam from WBCHSE/ Equivalent Board
2) 40% Marks in Aggregate & Separately in English Best 3 Elective Papers (except Env.Education) + 2 Languages
3) Vocational Stream will not be accepted
4) Age = Exactly between 17-27 Yrs as on 01.01.19
5) Only Indian, Female, Medically Fit candidates can apply
6) Resident of W. Bengal uninterruptedly for last 5 Yrs
7) Selection on Merit Basis

**PROSPECTUS**
1) Available for Eligible Candidates showing HS Marksheet
2) Date = 01.07.19 - 31.07.19. Time = 10 AM - 4 PM
3) Venue = SISTER NIVEDITA NURSING ACADEMY
4) Submission of Forms = 01.07.19 - 02.08.19
Form will be received strictly up to 4 PM from Drop Box/Speed Post/ Registered Post/Courier

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ জুন-৩০ জুন

**২৪ জুন** বিজেপির কার্যকরী সভাপতি জে পি নড্ডার উপস্থিতিতে সংসদ ভবনে আনুষ্ঠানিকভাবে বিজেপিতে যোগ দিলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। রাজ্যসভার নির্বাচনে গুজরাত থেকে প্রার্থী হবেন তিনি। গুজরাতের অপর আসন থেকে প্রার্থী হয়েছেন জে এম ঠাকোর।

## মোদী-পম্পেয়ো বৈঠক দিল্লিতে



**২৬ জুন:** ভারত সফরে আসা মার্কিন বিদেশসচিব মাইক পম্পেয়োর সঙ্গে নয়াদিল্লিতে বৈঠক হল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। পরে বিস্তারিত বৈঠক হয় বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে। মার্কিন চাপ থাকলেও রাশিয়া থেকে এস-৪০০ ক্ষেপণাস্ত্র কেনা এবং ইরান থেকে মার্কিন নিষেধাজ্ঞা সত্ত্বেও তেল আমদানি করা নিয়ে কথা হয়েছে বৈঠকে। জয়শঙ্কর পরে বলেছেন, 'আমাদের সঙ্গে বহু দেশেরই দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। আমরা সেটাই করব যা আমাদের জাতীয় স্বার্থের উপযোগী হয়। জাতীয় স্বার্থের কথা মাথায় রেখেই প্রত্যেক দেশ তাদের কৌশলগত অংশিদারী তৈরি করে।'
ছবি: পি টি আই



“সভাপতি হিসেবে ভোটে হারের দায় আমার। দলের বৃদ্ধির জন্য দায়বদ্ধতা জরুরি। তাই আমি পদত্যাগ করেছি। দলকে নতুন করে তৈরি করা কঠিন সিদ্ধান্ত। এবং ভোটে হারের জন্য অনেককে দায়বদ্ধ করা উচিত। কিন্তু নিজের দায়িত্ব উপেক্ষা করে অন্যদের দায়ী করা ঠিক নয়। প্রধানমন্ত্রী, আরএসএসের বিরুদ্ধে কখনও আমি পুরো একা লড়েছি।”

রাহুল গান্ধী, *পদত্যাগী কংগ্রেস সভাপতি*
টুইটারে নিজের পদত্যাগের কথা প্রকাশ্যে ঘোষণা করে

## প্রয়াত সন্তোষ রানা



**২৯ জুন:** বিশিষ্ট রাজনীতিবিদ ও লেখক সন্তোষ রাণা (৭৬) প্রয়াত হলেন। তাঁর স্মৃতি কথা 'রাজনীতির এই জীবন' আনন্দ পুরস্কারে সম্মানিত হয়। পদার্থবিদ্যার কৃতী ছাত্র নকশাল নেতা হিসেবে জড়িয়ে পড়েন কৃষক আন্দোলনের সঙ্গে। বাম-তৃণমূল সব আমলেই সরকারের বিরুদ্ধে থেকেছেন। বিজেপি ও ফ্যাসিবাদের বিপদ, ঝাড়খণ্ড আন্দোলন, পশ্চিমবঙ্গে দলিত রাজনীতি বা মুসলিমদের অবস্থা নিয়ে ক্রমাগত লিখে গিয়েছেন তিনি।

## জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে বিশেষ দায়িত্ব দ্রাবিড়কে



**২৯ জুন:** প্রাক্তন ভারতীয় অধিনায়ক এবং জাতীয় জুনিয়র দলের কোচ রাহুল দ্রাবিড়কে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির (এনসিএ) ক্রিকেটীয় বিষয়ের দায়িত্বে আনা হল। পরবর্তী প্রজন্মের ক্রিকেটারদের গড়ে তোলার পাশাপাশি জুনিয়র ক্রিকেটের রোডম্যাপও গড়বেন দ্রাবিড়। পাশাপাশি উঠতি মহিলা ক্রিকেটারদের খেলার উপর নজর রাখা, এনসিএ ও আঞ্চলিক ক্রিকেট অ্যাকাডেমির কোচদেরও নিয়োগ করবেন তিনি। দু'বছরের জন্য দ্রাবিড়ের সঙ্গে চুক্তি করা হয়েছে।

## শুল্ক যুদ্ধের মধ্যেই বৈঠকে ট্রাম্প-চিনফিং



**২৯ জুন:** আমেরিকা ও চিনের বাণিজ্য যুদ্ধে ইতি টানতে জি-২০ মঞ্চেই ইতিবাচক বৈঠক হল ডোনাল্ড ট্রাম্প ও শি চিনফিংয়ের মধ্যে। বৈঠকের পর ট্রাম্প জানিয়েছেন, শুল্ক যুদ্ধের সমাধানে ফের বৈঠক শুরু হবে। চিনের সরকারি সংবাদমাধ্যম জানিয়েছে, নতুন করে আমদানি শুল্ক না চাপানোর ব্যাপারে আমেরিকা সম্মত হয়েছে। উল্লেখ্য, ২৫,০০০ কোটি ডলারের চিনা পণ্যে ২৫ শতাংশ শুল্ক বসিয়েছে আমেরিকা। আরও ৩০,০০০ কোটি ডলারের পণ্যের উপরও শুল্ক বসাতে চাইছে তারা। অন্যদিকে, বহু মার্কিন পণ্যে চিনও পাল্টা শুল্ক চাপিয়েছে। এর আগে দু'পক্ষের ১১ দফা বৈঠকের পরেও সমাধান সূত্র মেলেনি। তবে ফের আলোচনা শুরুকে ইতিবাচক বলছেন কূটনীতিকরা।

**হংকং নিয়ে কড়া বার্তা দিল চিন।** আসন্ন জি-২০ শীর্ষ সম্মেলনে হংকং প্রসঙ্গে তারা কারও সঙ্গে আলোচনা করবে না বলে জানিয়েছে। এই বিষয়ে চিনা সহকারী বিদেশমন্ত্রী বলেছেন, 'হংকং চিনের বিশেষ প্রশাসনিক অঞ্চল। পুরোপুরি চিনের অভ্যন্তরীণ বিষয়। অন্য কোনও দেশকে এ নিয়ে আলোচনার অনুমতি আমরা দিচ্ছি না।' উল্লেখ্য, জাপানের ওসাকায় জি-২০ সম্মেলনে চিনা প্রেসিডেন্ট শি চিনফিংয়ের সঙ্গে মুখোমুখি বৈঠকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যাতে হংকং নিয়ে মন্তব্য না করেন তার জন্যই বেজিং আগেভাগেই বার্তা দিল বলে মনে করছেন কূটনীতিকরা।

**২৫ জুন** ভারতে নজির গড়ল সোনার দাম। এদিন এই প্রথম কলকাতায় ১০ গ্রাম পাকা সোনার দর ছাড়াল ৩৫,০০০ টাকা। বিশেষজ্ঞদের মতে, চিন-মার্কিন শুল্ক-যুদ্ধ এবং ইরানের সঙ্গে আমেরিকার রাজনৈতিক সম্পর্কের অবনতি— এই দুইয়ের জেরেই বিশ্ববাজারে সোনার দাম বেড়েছে ছ'বছরে সবচেয়ে বেশি।

**ভারতের পলাতক হিরে ব্যবসায়ী মেহুল** চোক্সীকে অ্যান্টিগা ভারতে ফেরাতে রাজি বলে জানা গেল। সে দেশের প্রধানমন্ত্রী গ্যাসটন ব্রাউন একটি সংবাদপত্রে জানিয়েছেন, আইনি জটিলতা কেটে গেলেই নাগরিকত্ব খারিজ করে ওই পলাতক ব্যবসায়ীকে ভারতে ফেরত পাঠানো হবে। চোক্সী রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক পিএনবি-র ১৩ হাজার ৪০০ কোটি টাকার কেলেঙ্কারিতে অন্যতম অভিযুক্ত। তবে দুর্নীতি সামনে আসার আগেই ২০১৭ সালের নভেম্বরে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের দেশ অ্যান্টিগার নাগরিকত্ব নিয়ে নেন চোক্সী। সে দেশের 'সিটিজেনশিপ বাই ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' মেনে তাঁকে নাগরিকত্ব দেয় অ্যান্টিগা। এদিন অবশ্য নাগরিকত্ব প্রদানের ব্যাপারে অ্যান্টিগার প্রধানমন্ত্রী বলেন, মেহুল চোক্সীর নাগরিকত্বের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। উনি নাগরিকত্ব পেয়েছেন ঠিকই। কিন্তু তা খারিজ করে তাঁকে ভারতে ফেরত পাঠাতে চাই আমরা।'

**২৬ জুন** হোয়াইট হাউসের প্রধান প্রেস সচিব হিসেবে স্টেফানি গ্রিশ্যামের নাম ঘোষণা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে ট্রাম্প পত্নী মেলানিয়ার মুখপাত্র ছিলেন গ্রিশ্যাম।

**অসমের নাগরিকপঞ্জি থেকে বাদ** পড়লেন সে রাজ্যের আরও ১ লক্ষ ২ হাজার মানুষ। অতিরিক্ত তালিকা প্রকাশ করে এনআরসি দপ্তর জানিয়েছে, নাম অন্তর্ভুক্তির দাবি বা নাম নিয়ে আপত্তি সংক্রান্ত বিষয়ের সঙ্গে এই তালিকার কোনও যোগ নেই। এর আগে অসমে চূড়ান্ত তালিকায় বাদ পড়েছিল ৪০ লক্ষ নাম। এনআরসিতে নাম তোলার জন্য আবেদনকারীর সংখ্যা ছিল ৩ কোটি ২৯ লক্ষ। সংশ্লিষ্ট দপ্তর জানিয়েছে, মূলত চিহ্নিত বিদেশি ও সন্দেহজনক বিদেশিদের নামই এই তালিকায় রয়েছে।

**২৭ জুন** আন্তর্জাতিক কূটনীতির ক্ষেত্রে বড় সাফল্য পেল ভারত। রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্যপদের জন্য ভারতের মনোনয়নে চিন ও পাকিস্তান-সহ এশীয়-প্যাসিফিক গোষ্ঠীর ৫৫টি দেশ তাদের সমর্থন দেওয়ার কথা জানিয়েছে। ২০২১-২২ সালের জন্য আগামী বছর জুন মাসে এই নির্বাচন হওয়ার কথা। রাষ্ট্রপুঞ্জে নিযুক্ত ভারতের স্থায়ী প্রতিনিধি সৈয়দ আকবরউদ্দিন জানিয়েছেন, 'রাষ্ট্রপুঞ্জের এশীয়-প্যাসিফিক গোষ্ঠী ঐক্যবদ্ধ ভাবে ভারতের প্রার্থিপদে সমর্থন জানিয়েছে। এরফলে দু'বছরের জন্য ভারত নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে নির্বাচিত হতে চলেছে।'

**ডেনমার্কের তিনটি বামপন্থী ও মধ্য-**বামপন্থী দলের সঙ্গে সপ্তাহ খানেকের আলাপ-আলোচনার পরে একটি সংখ্যালঘু সরকার গড়ার কথা ঘোষণা করলেন ডেনমার্কের সোশ্যাল ডেমোক্র্যাট নেত্রী মেতে ফ্রেডেরিকসেন। ৪১ বছরের মেতে ডেনমার্কের কনিষ্ঠতম প্রধানমন্ত্রী। মেতে জানিয়েছেন কয়েকদিনের মধ্যেই একটি চুক্তিপত্র প্রকাশ করবেন তিনি।

**বাংলাদেশের নোয়াখালির গান্ধী আশ্রমের** কর্ণধার ঝর্ণাধারা চৌধুরি (৮০) প্রয়াত হলেন। ২০১৩-য় প্রথম বাংলাদেশি হিসেবে ভারত সরকারের পদ্মশ্রী সম্মানে ভূষিত হন তিনি। ২০১৫-য় পান একুশে সম্মান। ১৯৬০ সালে চট্টগ্রামের প্রবর্তক সঙ্ঘের শিক্ষিকা ও অনাথালয়ের তত্ত্বাবধায়ক হিসাবে কাজ শুরু করেন ঝর্ণাধারা। ১৯৭১-এ মুক্তিযুদ্ধের সময় সঙ্ঘের প্রায় পাঁচশো শিশু ও কিশোরীকে পাকিস্তানি সেনাদের হাত থেকে বাঁচিয়ে আগরতলা নিয়ে যান। সেখানে আহত মুক্তিযোদ্ধাদের ত্রাণ ও সেবায় নিয়োজিত হন।

**ওয়েস্ট ইন্ডিজকে ১২৫ রানে হারিয়ে** বিশ্বকাপের পয়েন্ট টেবিলে দ্বিতীয় স্থানে উঠে এল ভারত। প্রথমে ব্যাট করে ভারত ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৬৮ রান করে। ভারতের পক্ষে বিরাট কোহলি ৮২ বলে ৭২ রান করেন। ধোনি ৫৬ রানে অপরাজিত থাকেন। ওয়েস্ট ইন্ডিজ ৩৪.২ ওভারে ১৪৩ রানে অলআউট হয়ে যায়। মহম্মদ শামি ১৬ রান দিয়ে ৪ উইকেট নেন। যদিও বিরাট কোহলিই ম্যাচের সেরা হয়েছেন।

**২৮ জুন** কেন্দ্রের এনডিএ শরিক লোক জনশক্তি পার্টির প্রধান রামবিলাস পাসোয়ান বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাজ্যসভার সাংসদ নির্বাচিত হলেন। এ বছর তিনি লোকসভা নির্বাচনে না লড়েও দ্বিতীয় মোদী সরকারে মন্ত্রী হয়েছেন। ছ'মাসের মধ্যেই তাঁকে সংসদে জিতে আসতে হত।

**২৯ জুন** জম্মু-কাশ্মীরের জন্য বিশেষ মর্যাদা সংক্রান্ত সংবিধানের ৩৭০ নম্বর অনুচ্ছেদ 'অস্থায়ী' বলে সংসদে জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সম্ভবত এই প্রথম সংসদে ওই অনুচ্ছেদ নিয়ে এমন মন্তব্য করলেন কোনও স্বরাষ্ট্রমন্ত্রী। বিজেপির জম্মু-কাশ্মীরের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রাম মাধব বলেন, '৩৭০ অনুচ্ছেদ পুরোপুরি লোপ করা প্রয়োজন।' তবে ন্যাশনাল কনফারেন্স নেতা নাসির আলম বলেছেন, 'এই ধরনের মন্তব্যের ফলে কাশ্মীরি যুবকদের মধ্যে বিচ্ছিন্নতা বাড়বে। বরং এখন ৩৭০ অনুচ্ছেদ ও ৩৫এ অনুচ্ছেদকে আরও শক্তিশালী করা প্রয়োজন।'

**বাঙালি পরিসংখ্যানবিদ শুভ্রশঙ্কর ধর সি আর রাও জাতীয় পুরস্কার পেলেন।** আইআইটি কানপুরের অধ্যাপক ধর পরিসংখ্যান দিবসেই এই পুরস্কার পেলেন। উল্লেখ্য, প্রশান্তচন্দ্র মহলানবিশের জন্মদিন পালিত হয় পরিসংখ্যান দিবস হিসেবে। এদিন পরিসংখ্যান দিবসের অনুষ্ঠানে শুভ্রশঙ্করের হাতে এই পুরস্কার তুলে দেন কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রী রাও ইন্দ্রজিৎ সিং।

**৩০ জুন** রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস জলবায়ু পরিবর্তন নিয়ে বিশ্বের সব দেশকে সতর্ক করলেন। আবু ধাবিতে পরিবেশ সংক্রান্ত একটি সম্মেলনে গুতেরেস বলেন, 'বিশ্বের সেরা বিজ্ঞানীরা যা গবেষণা করেছিলেন, তার থেকেও বেশি দ্রুত পরিবর্তন হচ্ছে জলবায়ুর। এখনই সতর্ক না হলে প্রবল সঙ্কটে পড়তে চলেছি আমরা সবাই।'

## জি-২০ সম্মেলনে যোগ দিলেন মোদী




**২৮ জুন:** জাপানের ওসাকায় জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে সব বিশ্বনেতাকে সন্ত্রাস নিয়ন্ত্রণে বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সন্ত্রাস এবং বর্ণবৈষম্য বৃদ্ধির ক্ষেত্রে যে সব গোষ্ঠী সক্রিয়, তাদের সব সাহায্য বন্ধ করতে আবেদন করেছেন তিনি। মোদীর কথায়, 'সন্ত্রাস শুধু নিরপরাধ মানুষের প্রাণ কেড়ে নেয় না, আর্থিক উন্নয়ন এবং সাম্প্রদায়িক সম্প্রীতির পথেও বাধা সৃষ্টি করে। তাই এ সবে মদত দেয়, এমন সব কিছু সমর্থন করা বন্ধ করতে হবে।' সন্ত্রাস প্রশ্নে ব্রাজিল, ভারত, রাশিয়া, চিন এবং দক্ষিণ আফ্রিকা— ব্রিকস-এর দেশগুলির পক্ষ থেকে একটি বিবৃতিও প্রকাশিত হয়েছে। তাতে রয়েছে, 'আমরা জঙ্গি হামলার তীব্র নিন্দা করি। ব্রিকস-সহ সব দেশের দায়িত্ব, জঙ্গি গোষ্ঠীকে আর্থিক মদত দেওয়া বন্ধ করা। ভুল পথে ইন্টারনেটের ব্যবহার বন্ধ করতেও সক্রিয় হওয়া দরকার।' সম্মেলনের ফাঁকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গেও বৈঠক করেছেন প্রধানমন্ত্রী। জয়ের অভিনন্দন জানানোর পাশাপাশি ট্রাম্প মোদীকে বলেছেন,'আমরা দারুণ বন্ধু হয়ে গিয়েছি। আমাদের দেশগুলিও পরস্পরের কাছাকাছি এসেছে। সামরিক ক্ষেত্র-সহ নানা বিষয়ে আমরা একসঙ্গে কাজ করব।'

## উত্তর কোরিয়ায় পা রাখলেন ট্রাম্প



**৩০ জুন:** ক্ষমতায় থাকাকালীন প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে উত্তর কোরিয়ায় পা রাখলেন ডোনাল্ড ট্রাম্প। সীমান্ত পেরিয়ে উত্তর কোরীয় ভূখণ্ডে ২০ পা হাঁটলেনও তিনি। এদিন উত্তর ও দক্ষিণ কোরিয়াকে জুড়েছে যে গ্রাম সেই পানমুনজমে অসামরিক এলাকায় ট্রাম্পের সঙ্গে সামনাসামনি দেখা করলেন কিম জং উন। জাপানে জি-২০ শীর্ষ সম্মেলন সেরে দক্ষিণ কোরিয়া সফরে যান ট্রাম্প। সফরসূচিতে না থাকলেও সিওল পৌঁছে কিমকে দেখা করার জন্য অনুরোধ জানান মার্কিন প্রেসিডেন্ট। দেখা করার পাশাপাশি দুই রাষ্ট্রনেতা ঠিক করলেন, পরমাণু নিরস্ত্রীকরণ নিয়ে আলোচনা আবার শুরু করার জন্য আমেরিকা ও উত্তর কোরিয়া থেকে মধ্যস্থতাকারী পাঠানো হবে। এর আগে ভিয়েতনামের হ্যানয়ে ট্রাম্প-কিম আলোচনা মাঝপথে ভেস্তে যায়। তার পর থেকে দুই রাষ্ট্রনেতার আলোচনা নিয়ে বিস্তর জল্পনা হয়েছে। এদিনের বৈঠকের পর কিম বলেছেন, 'এর যথেষ্ট তাৎপর্য রয়েছে। এর অর্থ হল, আমরা অতীতের তিক্ততা ভুলে নতুন ভবিষ্যৎ গড়ে তোলার দিকে এগিয়ে যেতে চাইছি। এটা অসম্ভব সাহসী এবং সুনিশ্চিত পদক্ষেপ।'

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## বাজার অনুযায়ী নিজেকে বদলে নেওয়ার মানসিক দৃঢ়তা প্রয়োজন

**সৌরভ মুখোপাধ্যায়**
ডিরেক্টর-হিউম্যান রিসোর্স
হেক্টরভিউ ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-ইন্ডিয়া

ভারতে মাত্র ছয় শতাংশ মানুষ কেন্দ্রীয় বা রাজ্য সরকারি চাকরির সুযোগ পায়। বাকি চুরানব্বই শতাংশ স্বেচ্ছায় অথবা বাধ্য হয়ে যোগ দেয় বেসরকারি, অসংগঠিত ক্ষেত্রের চাকরি এবং স্বনির্ভর ব্যবসায়।

আমাদের দেশে জনসংখ্যা যেহেতু বিপুল, সেজন্য বেসরকারি চাকরির পরিসরটাও অনেক বড়। তাছাড়াও বিভিন্ন ক্ষেত্রে অনেক রকম চাকরির সুযোগও তৈরি হচ্ছে। কিন্তু বাস্তবে দেখা যায়, সাধারণভাবে ছেলেমেয়েদের ভিড় বেশি নির্দিষ্ট দু'-একটি শাখায়। ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞানের বিভিন্ন শাখার দিকে চিন্তাভাবনাহীন ছুট বিভিন্ন প্রজন্মকে ক্রমশ বিপথে নিয়ে যাচ্ছে বলেই মনে হয়। এদের বেশিরভাগই কিন্তু বিষয়ের প্রতি আগ্রহ থেকে পড়াশোনা করে না। করে সামাজিক এবং পারিবারিক চাপে। লোভনীয় চাকরির আশাই এখানে বড় হয়ে দাঁড়ায়। এর উপর বাণিজ্যিক নানা বিজ্ঞাপন তাদের দিগ্‌ভ্রান্ত করে। ফলে পড়াশোনা ব্যাপারটাই হয়ে যাচ্ছে একমুখী। এর অবশ্যম্ভাবী ফল বেকারত্ব বা মনের মতো জায়গায় কাজ করতে না পারার জন্য হতাশা ও অবসাদ।

### নোটস-ভিত্তিক পঠনপাঠন

পড়াশোনা এখন নোটস-সর্বস্ব, টিউটোরিয়াল নির্ভর। ফলে অনেক নম্বর মিলছে। চাকরিক্ষেত্রেও সেই নম্বরটাই একমাত্র পুঁজি। প্রকৃত জ্ঞানার্জন হচ্ছে না। বিভিন্ন নামি প্রতিষ্ঠানে ইন্টারভিউ নিতে গিয়ে ছেলেমেয়েদের মধ্যে ভীষণভাবে এই ঘাটতি চোখে পড়ে।

ইন্টারভিউ নিতে গিয়ে আরও অনেক অভিজ্ঞতা হয়। সবাই প্রথমেই বড় চাকরি বা বিদেশি চাকরি খোঁজে। কিন্তু সেখানে পৌঁছবার রোড ম্যাপটা বুঝে উঠতে পারে না। বর্তমান প্রজন্মের আর একটা বড় সমস্যা হল, তারা হাতেকলমে কাজ করতে চায় না। কিন্তু হাতেকলমে কাজ না করে, নিজের পরিশ্রমে অভিজ্ঞতা অর্জন না করলে উন্নতি অধরাই থাকে।

### কারিগরি শিক্ষারও অনেক সম্ভাবনা

কারিগরি শিক্ষা বা বৃত্তিমূলক শিক্ষাকে বেশিরভাগ ক্ষেত্রেই বাদের খাতায় রাখে অনেকেই। কিন্তু এই ধরনের কাজে প্রচুর সম্ভাবনা আছে। হাতেকলমে কাজটাকে ছোট করে দেখার একটা প্রবণতা আছে সমাজে। এই আবর্তের বাইরে বেরোনোর চেষ্টা করতে হবে। মনে রাখো, সিস্টেম তোমার জন্য বদলে যাবে না। নিজেকেই বদলানোর চেষ্টা করতে হবে।ছোটখাট কাজ করলেই ছোট হয়ে যাবে, এই ধারণাটা ফ্লেক্সিবিলিটি কমিয়ে দেয়। লক্ষ্যে পৌঁছবার জন্য কোনও শর্টকাট রাস্তা নেই।

### কাজের জগৎ সম্পর্কে ধারণা

এমনভাবে পড়াশোনা করো যাতে চিন্তাভাবনা একমুখী না হয়ে যায়। বাইরের বইপত্র পড়ো, দেশ-বিদেশ-মহাকাশের খবর রাখো। বিশ্বজুড়ে কত কী প্রতিনিয়ত ঘটে চলেছে জানলে, কাজের জগৎ সম্পর্কে তোমার ধারণা পাল্টাতে বাধ্য। তখন এমনকী চেনা ছকের বাইরের কোনও বিষয় নিয়ে পড়াশোনা বা কাজের কথা ভাবতে পারবে। সবাই যা করছে বা পড়ছে, তোমাকেও তাই করতে হবে বা পড়তে হবে এমন কোনও কথা নেই। এর বাইরে বেরিয়ে ভাবতে চেষ্টা করলে দেখবে কাজের সুযোগ আপনিই বেড়ে যাচ্ছে।

তবে কাজের বাজার একটা খুব গুরুত্বপূর্ণ জায়গা। বাজার যেভাবে যখন বদলাচ্ছে তখন সেই অনুযায়ী নিজেকে বদলে নেওয়ার মতো দৃঢ় মানসিকতা থাকা প্রয়োজন।

**বিশ্বজুড়ে কত কী প্রতিনিয়ত ঘটে চলেছে জানলে, কাজের জগৎ সম্পর্কে তোমার ধারণা পাল্টাতে বাধ্য। তখন এমনকী চেনা ছকের বাইরের কোনও বিষয় নিয়ে পড়াশোনা বা কাজের কথা ভাবতে পারবে।**

### ভাবো অন্য ভাবে

আমার ছোটবেলা কেটেছে জামশেদপুরে। বাবা এবং দাদু দুজনেই জামশেদপুরে টাটা স্টিলে চাকরি করতেন। ছোট থেকেই দেখতাম, তাঁরা সারাক্ষণই ফ্যাক্টরি যাচ্ছেন আর আসছেন। কোথাও এটা দেখতে দেখতে একঘেয়ে লাগছিল। ফলে যদিও পরিবারের সকলে ঢের আগে থেকেই ধরে নিয়েছিলেন যে, আমিও টাটা স্টিলেই চাকরি করব, আমি কিন্তু অন্য জায়গায় কাজ খুঁজতে শুরু করে দিয়েছিলাম।

প্রথম ইন্টারভিউ দিয়েছিলাম লার্সেন অ্যান্ড টুব্রো সংস্থায় স্নাতক হওয়ার আগেই। তারপর আরও ১০-১৫টা ইন্টারভিউ দিয়েছিলাম, কোনওটাই হচ্ছিল না। শেষে ডাক পেলাম সেই প্রথম ইন্টারভিউ দেওয়া সংস্থা থেকেই। পরে সেই সংস্থার উদ্যোগেই ম্যানেজমেন্টে স্নাতকোত্তর পড়েছি।

পরবর্তীকালে বিভিন্ন নামি সংস্থায় চাকরি করেছি। কাজ আমার কাছে চিরকাল প্রাধান্য পেয়েছে। কখনও ভাবিনি উঁচু পদে আছি, তাই কোনও নির্দিষ্ট সাধারণ কাজ করব না। মাটিতে পা থাকলে কোনও দিন পা ফসকায় না। এই পুরনো আপ্তবাক্য স্মরণ করে সেইভাবে থাকার চেষ্টা করাই সবচেয়ে ভালো।



নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প, ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড করুন বিনামূল্যে
Free Download
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com
www.eNirobAalo.tk

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. আধুনিক ভারতের রূপকার বলা হয় কাকে?
(a) রামমোহন (b) ডালহৌসি (c) বেন্টিঙ্ক (d) বিদ্যাসাগর
2. জৈনধর্মগুলি কোন ভাষায় রচিত?
(a) পালি (b) সংস্কৃত (c) প্রাকৃত (d) চর্যাপদ
3. বৈদিক সংস্কৃতিতে কোন জন্তুর পুজো হত?
(a) বৃষ (b) গাভি (c) অশ্ব (d) মেষ
4. কুমোরের চাকা আবিষ্কৃত হয় কোন যুগে?
(a) প্রাচীনপ্রস্তর (b) মধ্যপ্রস্তর (c) নব্যপ্রস্তর (d) তাম্রপ্রস্তর
5. হরপ্পা সভ্যতার আনুমানিক আয়তন কত ছিল?
(a) 12 লক্ষ বর্গকিলোমিটার (b) 13 লক্ষ বর্গকিলোমিটার (c) 14 লক্ষ বর্গকিলোমিটার (d) 15 লক্ষ বর্গকিলোমিটার
6. কারা প্রকৃতির পুজো করত?
(a) হরপ্পা যুগের অধিবাসীরা (b) বৈদিক যুগের অধিবাসীরা (c) নব্যপ্রস্তর যুগের অধিবাসীরা (d) মধ্যপ্রস্তর যুগের অধিবাসীরা
7. বৌদ্ধধর্মের নিয়মাবলি কোন গ্রন্থে বর্ণিত?
(a) সুত্রপিটক (b) বিনয়পিটক (c) অভিধর্মপিটক (d) জাতকের গল্প
8. ভারতের প্রথম বাংলা সংবাদপত্র কোনটি?
(a) সমাচার দর্পণ (b) সংবাদ কৌমুদী (c) সংবাদ প্রভাকর (d) যুগান্তর
9. 'ভেম্বানাদ কয়াল' কী?
(a) একটি উপগ্রহ (b) একটি হিমবাহ (c) মৃত আগ্নেয়গিরি (d) এগুলির কোনওটিই নয়
10. ডান্ডি অভিযান কত সালে শুরু হয়?
(a) মার্চ, 1930 (b) এপ্রিল, 1930 (c) মে, 1930 (d) জুন, 1930
11. প্রথম গোলটেবিল বৈঠকের সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) বলডুইন (b) র‍্যামসে ম্যাকডোনাল্ড (c) নেভিল চেম্বারলেন (d) চার্চিল
12. সাতবাহনদের আমলে একটি গুরুত্বপূর্ণ বন্দর হল:
(a) সোপারা (b) তক্ষশীলা (c) মথুরা (d) পাটলিপুত্র
13. ব্রিটিশ শাসনের সময় ভারত থেকে ধননির্গমনের তত্ত্ব প্রথম প্রবর্তন করেন:
(a) এস এন ব্যানার্জি (b) জি কে গোখলে (c) দাদাভাই নৌরজি (d) রমেশচন্দ্র দত্ত
14. কোন গ্রন্থিকে মাস্টার গ্ল্যান্ড বলা হয়?
(a) অ্যাড্রিনাল (b) পিটুইটারি (c) থাইরয়েড (d) কোনওটিই নয়
15. 'আমুক্ত মাল্যদা' কোন ভাষায় রচিত?
(a) তেলুগু (b) কন্নড় (c) তামিল (d) মালায়ালম
16. শিবাজি ও কার মধ্যে পুরন্দরের সন্ধি (1665) হয়?
(a) মান সিং (b) যশবন্ত সিং (c) জয় সিং (d) আফজল খাঁ
17. 1907 সালে জার্মানিতে ভারতের ত্রিবর্ণরঞ্জিত পতাকা কে উত্তোলন করেন?
(a) কৃষ্ণবর্মা (b) মাদাম কামা (c) সাভারকর (d) মদনলাল ধিংড়া
18. আইন অমান্য আন্দোলন প্রত্যাখ্যান করা হয় কত সালে?
(a) 1930 সালে (b) 1931 সালে (c) 1933 সালে (d) 1934 সালে
19. নীচের কে চিপকো আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) বাবা আমতে (b) সুন্দরলাল বহুগুণা (c) মেধা পাটকর (d) অরুন্ধতী রায়
20. কোনটি ত্রিপিটকের অন্তর্গত নয়?
(a) জাতক (b) বিনয় (c) সুক্ত (d) অভিধর্ম
21. বৌদ্ধ প্রথা ও ইতিহাস অনুযায়ী চন্দ্রগুপ্ত মৌর্য মৌরীয় নামক:
(a) শূদ্র (b) বৈশ্য (c) ব্রাহ্মণ (d) ক্ষত্রিয়
22. উনবিংশ শতাব্দীর নবজাগরণের অগ্রদূত কাকে বলা হয়?
(a) রামমোহন রায় (b) রাধাকান্ত দেব (c) কেশবচন্দ্র রায় (d) দেবেন্দ্রনাথ ঠাকুর
23. ঋগ্বেদের গায়ত্রী মন্ত্র কার উদ্দেশে রচিত হয়েছিল?
(a) ইন্দ্র (b) অগ্নি (c) সাবিত্রী (d) উষা
24. ভারতে ব্রিটিশ আধিপত্য স্থাপনের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ যুদ্ধ হল:
(a) বন্দিবাসের যুদ্ধ (b) পলাশির যুদ্ধ (c) বক্সারের যুদ্ধ (d) শ্রীরঙ্গপত্তমের যুদ্ধ
25. বাংলায় বিপ্লবী অনুশীলন সমিতি কে স্থাপন করেন?
(a) সতীশচন্দ্র বসু (b) প্রমথ মিত্র (c) পুলিন দাস (d) বারীন ঘোষ
26. ইকতা প্রথা কে চালু করেন?
(a) ইলতুৎমিস (b) বলবন (c) কুতুবউদ্দিন আইবক (d) আলাউদ্দিন খিলজি
27. রাজগুরু ও সুখদেবকে কোন ষড়যন্ত্র মামলায় জড়িত থাকার অপরাধে ফাঁসি দেওয়া হয়েছিল?
(a) কাকোরি (b) লাহোর (c) মিরাট (d) এগুলির সবক'টিই
28. জৈনদের আদি নাম কী ছিল?
(a) তীর্থঙ্কর (b) জৈন (c) মিগ্রন্থ (d) আরহন্ত
29. নিম্নলিখিতদের মধ্যে কে 1905 সালে বয়কট আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
(a) আব্দুল রসুল (b) লিয়াকত আলি হুসেন (c) আব্দুল হালিম গজনভি (d) নবাব সলিমুল্লাহ
30. চৌরিচৌরা ঘটনার পর কোন আন্দোলন প্রত্যাহার করা হয়?
(a) ভারত ছাড়ো (b) আইন অমান্য (c) কৃষক (d) অসহযোগ
31. মুসলিম লিগ কত সালে ঘোষিত প্রত্যক্ষ সংগ্রাম শুরু করে?
(a) 12 অগস্ট, 1946 (b) 14 অগস্ট, 1946 (c) 15 অগস্ট, 1946 (d) 16 অগস্ট, 1946
32. উজ্জয়িনী কোন নদীর তীরে অবস্থিত?
(a) তাপি (b) নর্মদা (c) শোন (d) শিপ্রা
33. 'ভারতীয় সমস্যার একমাত্র সমাধান ভারত বিভাজন' কে বলেছিলেন?
(a) মহম্মদ ইকবাল (b) ফজলুল হক (c) জিন্নাহ (d) রহমত আলি
34. কোন রাজা ব্রাহ্মণদের মধ্যে ভূমিদান প্রথম শুরু করেন?
(a) শুঙ্গ (b) কাম্ব (c) সাতবাহন (d) কুষাণ
35. কোন ভূতাত্ত্বিক যুগে পৃথিবীতে সর্বশেষ হিমযুগের সূচনা হয়েছিল?
(a) প্লিস্টোসিন (b) কার্বনিফেরাস (c) টার্শিয়ারি (d) কেমব্রিয়ান
36. জিতল, শাসগনি ও তঙ্কা এই তিন মুদ্রা যথাক্রমে কোন ধাতুর তৈরি?
(a) তামা, রুপো, রুপো (b) সোনা, তামা, তামা (c) রুপো, সোনা, তামা (d) রুপো, সোনা, রুপো
37. 'মাস্টারদা'র ফাঁসি কত সালে হয়?
(a) 1930 সালে (b) 1932 সালে (c) 1933 সালে (d) 1934 সালে
38. সূর্যে কোন ধাতু বাষ্পীয় অবস্থায় অধিক পরিমাণে আছে?
(a) লোহা (b) তামা (c) সোনা (d) নিকেল
39. ত্রিমাত্রিক ছবি প্রস্তুত এবং রেকর্ডিং করার কৌশলকে কী বলা হয়?
(a) ফোলোগ্রাফি (b) অডিওগ্রাফি (c) লেক্সিকোগ্রাফি (d) হলোগ্রাফি
40. জাপানের প্রবল ঘূর্ণিঘড়ের নাম কী?
(a) হ্যারিকেন (b) টাইফুন (c) সাইক্লোন (d) টর্নেডো
41. কোন ভাইরাস ব্যাক্টিরিয়াকে হত্যা করে?
(a) আর্বোভাইরাস (b) রিওভাইরাস (c) ব্যাক্টিরিওফাজ (d) ব্যাক্লোফেন
42. কোন রক্তকণিকা রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি করে?
(a) নিউট্রোফিল (b) লিম্ফোসাইট (c) মনোসাইট (d) ব্যাসোফিল
43. কোন লোহায় কার্বনের পরিমাণ সবচেয়ে কম?
(a) পিগ (b) কাস্ট (c) স্টিল (d) রট
44. রাসায়নিকভাবে ইনসুলিন একটি:
(a) পেপটাইড (b) নিউক্লিওসাইড (c) কার্বোহাইড্রেট (d) এগুলির কোনওটিই নয়
45. বৃদ্ধ বয়স সংক্রান্ত পড়াশুনোকে কী বলে?
(a) এক্সবায়োলজি (b) জিওলজি (c) জেরন্টোলজি (d) উলজি
46. আর্থরাইটিস রোগ শরীরের কোথায় হয়?
(a) লিভারে (b) হৃৎপিণ্ডে (c) রক্তে (d) হাড়ের সংযোগস্থলে
47. কত ডিগ্রি উষ্ণতায় ফারেনহাইটের মান সেন্টিগ্রেড স্কেলের পাঠের পাঁচগুণ হবে?
(a) – 40° C (b) 40° C (c) 10° C (d) 8° C
48. উদ্ভিদের একটি $N_2$ যুক্ত রেচন পদার্থের নাম লিখুন:
(a) গঁদ (b) রজন (c) তরুক্ষীর (d) কোকেন
49. ম্যারাথন রেসের দূরত্ব কত?
(a) 26 মাইল 285 গজ (b) 25 মাইল 385 গজ (c) 26 মাইল 385 গজ (d) 27 মাইল 385 গজ
50. পোলো খেলায় কতজন খেলোয়াড় দরকার?
(a) 4 জন (b) 5 জন (c) 6 জন (d) 10 জন
51. পৃথিবীর গভীরতম গিরিখাতের গভীরতা কত?
(a) 11000 মিটার (b) 3223 মিটার (c) 979 মিটার (d) 4223 মিটার
52. Hot Line-এ কোন দু'টি দেশের মধ্যে টেলিযোগাযোগ ব্যবস্থা আছে?
(a) ইংল্যান্ড ও রাশিয়া (b) ইংল্যান্ড ও আমেরিকা (c) ভারত ও রাশিয়া (d) আমেরিকা ও রাশিয়া
53. কোনও বস্তুর গতিবেগ দ্বিগুণ করা হলে তার গতিশক্তি কত হবে?
(a) অর্ধেক (b) $\frac{1}{4}$ অংশ (c) দ্বিগুণ (d) চারগুণ
54. ব্যারোমিটারের পারদ হঠাৎ নীচে নেমে গেলে আবহাওয়া কী হবে?
(a) শীতল বায়ুর ঝড় (b) মেঘলা আকাশ (c) প্রবল বেগে বৃষ্টি ও ঝড় (d) রৌদ্রোজ্জ্বল
55. কৃত্রিম উপগ্রহের প্রদক্ষিণকাল কতদিন?
(a) 29 দিন (b) 27 দিন (c) 1 দিন (d) 365 দিন
56. হাইড্রলিক প্রেস কোন নীতির ওপর প্রস্তুত?
(a) আর্কিমিডিসের নীতি (b) বারনৌলির নীতি (c) পাস্কালের নীতি (d) কেপলারের নীতি
57. সাধারণত ফ্লুরোসেন্ট ল্যাম্পের মধ্যে কী থাকে?
(a) কম চাপে আর্গন বাষ্প (b) মারকিউরিক অক্সাইড (c) সোডিয়াম বাষ্প (d) কম চাপে পারদ বাষ্প
58. মেঝে রং করার লাল রঙের রাসায়নিক নাম কী?
(a) ফেরাস অক্সাইড (b) জিঙ্ক অক্সাইড (c) ফেরিক অক্সাইড (d) কপার সালফেট
59. কোথায় সাভানা তৃণভূমি দেখা যায়?
(a) ম্যানগ্রোভ অরণ্যে (b) শুষ্ক অরণ্যে (c) ক্রান্তীয় চিরহরিৎ অরণ্যে (d) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী অরণ্যে
60. কোনটি লুনি নদীর উৎপত্তিস্থল?
(a) আন্নাসাগর হ্রদ (b) গুরুশিখর শৃঙ্গ (c) সম্বর হ্রদ (d) গান্ধীসাগর
61. ভূমণ্ডলের প্রথম মডেল তৈরি করেন কে?
(a) মার্কেটর (b) ক্রিটস (c) আর্কিমিডিস (d) অ্যারিস্টটল
62. ভারতে কোন বন্দর দিয়ে সর্বাধিক লৌহ আকরিক বিদেশে রপ্তানি হয়?
(a) বিশাখাপত্তনম (b) মুম্বই (c) মার্মাগাঁও (d) কান্দলা
63. কোন কেন্দ্রশাসিত অঞ্চলে কাভারত্তি অবস্থিত
(a) চন্ডিগড় (b) আন্দামান (c) লাক্ষাদ্বীপ (d) দমন
64. কোন অঞ্চলে মুক্তো আহরণের জন্য চাষ করা হয়?
(a) কান্দলা (b) তুতিকোরিন (c) কোচি (d) পন্ডিচেরি
65. 'ক্ষীরের পুতুল' বইটির লেখক কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) গগনেন্দ্রনাথ ঠাকুর (c) পরশুরাম (d) অবনীন্দ্রনাথ ঠাকুর
66. পারদের আকরিকের নাম কী?
(a) পিচব্লেন্ড (b) সিন্নাবার (c) মোনাজাইট (d) চালকোলাইট
67. ব্লটিং পেপারের তরল কালি শুষে নেওয়ার কারণ কোনটি?
(a) ব্যাপন (b) অভিস্রবণ (c) পৃষ্ঠটান (d) সান্দ্রতাঙ্ক
68. ভারী জলের সংকেত কী?
(a) $H_2O$ (b) $T_2O$ (c) $D_2O_2$ (d) $D_2O$
69. পেনিসিলিন আবিষ্কৃত হয় কত সালে?

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১ সেপ্টেম্বর

*গত সংখ্যার পর*

29. BCG কোন রোগের প্রতিষেধক?
(a) হেপাটাইটিস-বি (b) টিউবারকিউলোসিস (c) পোলিও (d) স্মল পক্স
30. 'আলফা টেকোফেরল বলা হয় কোন ভিটামিনকে?
(a) Vitamin-E (b) Vitamin-K (c) Vitamin-D (d) Vitamin-A
31. ভারত সরকার উপভোক্তা সুরক্ষা আইন চালু করে কবে?
(a) 1990 (b) 1987 (c) 1989 (d) 1984
32. 'ব্রাসিকা কাম্পেসট্রিস' কোন উদ্ভিদের বিজ্ঞানসম্মত নাম?
(a) তিলের (b) রেপসিড (c) সরষের (d) নারকেল
33. রেড ক্রস সোসাইটি প্রতিষ্ঠা করেন?
(a) হেনরি কুক (b) হেনরি রেড (c) হেনরি ব্রাউন (d) হেনরি ডুনান্ট
34. ' The Lady with the Lamp' কাকে বলা হয়?
(a) মাদার টেরিজা (b) ফ্লোরেন্স নাইটিঙ্গেল (c) সিস্টার নিবেদিতা (d) অ্যানি বেসান্ত
35. 'প্রাথমিক ডেটা' বলতে বোঝায়:
(a) প্রথম তথ্য সংগ্রহ (b) দ্বিতীয়বার তথ্য সংগ্রহ (c) প্রাথমিক স্কুলের তথ্য সংগ্রহ (d) কোনওটিই ঠিক নয়
36. শিশু শ্রমিক বলতে কত বছরের কম বয়সি শিশুদের বোঝায়?
(a) 14 (b) 12 (c) 13 (d) 16
37. 'বিশ্ব ডায়াবেটিস দিবস' পালিত হয়:
(a) 22 জানুয়ারি (b) 24 অক্টোবর (c) 15 অক্টোবর (d) 14 নভেম্বর
38. 'প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত যোজনা' কত সালে সূচনা হয়?
(a) 2018 (b) 2015 (c) 2016 (d) 2017
39. MSVP -র পুরো কথা হল:
(a) Medical Superintendent cum Vice Principal (b) Medical Supervisor cun Vice President (c) Medical Surgeon cum vice President (d) Medical Supervisor cum Vice Principal
40. নীচের কোনটি মাইক্রোসফটের প্রেজেন্টেশন সফটওয়ার:
(a) পাওয়ার পয়েন্ট (b) এক্সেল (c) অ্যাক্সেস (d) ওয়ার্ড
41. 'মিল্ক অব ম্যাগনেশিয়া'-কে আমরা কী নামে জানি?
(a) গ্লুকোজ (b) অ্যাসপিরিন (c) অ্যান্টাসিড (d) লিপিড
42. চিকিৎসাশাস্ত্র অনুযায়ী PLWA-র পুরো কথা হল:
(a) People Living without Antibiotic (b) People Living with Antigen (c) People Living with AIDS (d) People Living with Antibody
43. 'অব্যক্ত' বইটি কার লেখা?
(a) ঋষি অরবিন্দ (b) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (c) অতীন বন্দ্যোপাধ্যায় (d) আচার্য জগদীশচন্দ্র বসু
44. পুনম রাউত কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) টেনিস (c) বক্সিং (d) ব্যাডমিন্টন
45. 'মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নে রে ভাই' গানটি কার লেখা?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) রজনীকান্ত সেন (c) কাজী নজরুল ইসলাম (d) দ্বিজেন্দ্রলাল রায়
46. পঞ্চায়েত সমিতির কাজকর্ম পরিচালনা করার জন্য ব্লক উন্নয়ন আধিকারিককে নিয়োগ করেন:
(a) জেলা পরিষদ (b) রাজ্য সরকার (c) কেন্দ্র সরকার (d) পঞ্চায়েত সমিতি
47. ভারতের সংবিধানের কত নম্বর ধারায় 'ধর্মীয় স্বাধীনতার অধিকার' লিপিবদ্ধ আছে?
(a) 25-28 নম্বর (b) 19-24 নম্বর (c) 14-18 নম্বর (d) 29-34 নম্বর
48. কলকাতা কর্পোরেশনের প্রথম মেয়র কে?
(a) চিত্তরঞ্জন দাশ (b) সুভাষচন্দ্র বসু (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) আশুতোষ মুখার্জি
49. 'গ্রামবার্তা প্রকাশিকা' পত্রিকাটি প্রকাশ করেন:
(a) হরিনাথ মজুমদার (b) কালীপ্রসন্ন সিংহ (c) কেশবচন্দ্র সেন (d) মধুসূদন দত্ত
50. সুন্দরবনের কাদাযুক্ত নিচু জলাভূমি ও বনভূমিকে বলা হয়:
(a) খাঁড়ি (b) চর (c) বাদা (d) আবাদ
51. কোন শব্দজোড়াটি সঠিক নয়?
(a) মেরি কম : বক্সিং (b) ঝুলন গোস্বামী : ক্রিকেট (c) সাক্ষী মালিক : কুস্তি (d) পি ভি সিন্ধু : টেনিস
52. 1, 8, 27, 64 ?
(a) 32 (b) 68 (c) 81 (d) 125
53. Dictionary অনুযায়ী কোন বারটি প্রথম আসবে?
(a) Saturday (b) Thursday (c) Sunday (d) Tuesday
54. '*' চিহ্ন ঘরে কোন সংখ্যাটি বসবে?




(a) 23 (b) 20 (c) 14 (d) 18
55. কোন ছবিটি তিনটি ছবি থেকে আলাদা?



(a) (b) (c) (d)

এরপর এগারোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 1818 সালে (b) 1824 সালে (c) 1828 সালে (d) 1838 সালে

70. 'হাম' কী ঘটিত রোগ?

(a) ব্যাক্টিরিয়া (b) ভাইরাস (c) প্রোটোজোয়া (d) কৃমি

71. চিন্তামণি কর পাখিরালয় কোথায় অবস্থিত?

(a) অসম (b) বিহার (c) ওড়িশা (d) পশ্চিমবঙ্গ

72. 'বাঘারু' চরিত্রটি কোন লেখকের সৃষ্টি?

(a) শিবরাম চক্রবর্তী (b) দেবেশ রায় (c) নীলাদ্রি সরকার (d) সত্যজিৎ রায়

73. হাইকোর্টের বিচারপতির অবসরের বয়স কত?

(a) 60 বছর (b) 62 বছর (c) 65 বছর (d) অনির্দিষ্টকাল

74. মগধের হৃৎপিণ্ড বলা হয় কোন নদীকে?

(a) যমুনা (b) গঙ্গা (c) শোন (d) ব্রাহ্মণী

75. তামিল উপকূলের মামল্লপুরমে 'নীলম' নামে যে সামুদ্রিক ঝড় হয়েছিল সেটি কোন দেশের নাম দেওয়া?

(a) ভারত (b) শ্রীলঙ্কা (c) বাংলাদেশ (d) পাকিস্তান

76. যদি কোন ব্যক্তি 375 টাকায় কোনও জিনিস বিক্রি করে ক্রয়মূল্যের $\frac{1}{4}$ অংশ লাভ করেন, তাহলে ক্রয়মূল্য কত টাকা হবে?

(a) 275 টাকা (b) 300 টাকা (c) 320 টাকা (d) 324 টাকা

77. দেবায়ন একটি কাজ 8 দিনে করে। ও যদি ওই কাজটি নরেশের সঙ্গে 6 দিনে করে, তাহলে নরেশ ওই কাজটি একা কতদিনে করবে?

(a) 14 দিনে (b) 7 দিনে (c) 24 দিনে (d) 12 দিনে

78. প্রথম 20টি জোড় সংখ্যার যোগফল কত?

(a) 381 (b) 420 (c) 425 (d) 625

79. যদি কোনও নির্দিষ্ট টাকা 10 বছরে দ্বিগুণ হয়, তাহলে সুদের হার কত?

(a) 8% (b) 15% (c) 12% (d) 10%

80. কোনও জিনিসের দাম 150 টাকা, দু'বার ছাড় দেওয়ার পর তার দাম হয় 105 টাকা, যদি দ্বিতীয় ছাড়ের হার $12\frac{1}{2}$ % হয়, তাহলে প্রথম ছাড়ের হার কত?

(a) 15% (b) 20% (c) 10% (d) 25%

81. 3060 টাকা $\frac{1}{6}:\frac{1}{4}:\frac{1}{3}$ অনুপাতে ভাগ করে দিলে, দ্বিতীয় অংশ কত টাকা পাবে?

(a) 680 টাকা (b) 340 টাকা (c) 1360 টাকা (d) 1020 টাকা

82. 600 টাকা 4 বছরে 720 টাকা হয়, যদি সুদের হার 2% বাড়ে, তাহলে সুদে আসলে কত টাকা হয়?

(a) 760 টাকা (b) 780 টাকা (c) 768 টাকা (d) 792 টাকা

83. কোনও গ্রন্থাগারে 60% ইংরেজি বই, অবশিষ্টের 30% হিন্দি বই ও অবশিষ্ট অন্যান্য ভাষার বই আছে। যদি মোট বইয়ের সংখ্যা 14200 হয়, তাহলে ওই গ্রন্থাগারে হিন্দি বইয়ের সংখ্যা কত?

(a) 4260 (b) 2556 (c) 6816 (d) 1704

84. যদি A : B = 3 : 4 ও B : C = 8 : 9 হয়, তাহলে A : B : C কত?

(a) 8 : 6 : 9 (b) 6 : 8 : 9 (c) 9 : 8 : 6 (d) 3 : 32 : 9

85. যদি অভিলাষ 5টি সাইকেল প্রতিটি 450 টাকায় কেনে ও প্রতিটির মেরামতি ও রঙের জন্য 150 টাকা খরচ করে তাহলে প্রতিটি সাইকেল কত টাকায় বিক্রি করলে তার 35% লাভ হবে?

(a) 600 টাকায় (b) 705 টাকা (c) 608 টাকায় (d) 810 টাকায়

86. পরপর 5টি বিজোড় সংখ্যার গড় 23 হলে, তার মধ্যে বৃহত্তম সংখ্যাটি কত?

(a) 27 (b) 21 (c) 23 (d) 25

87. কোনও আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 8 মিটার থেকে কমিয়ে 6 মিটার ও প্রস্থ 6 মিটার থেকে কমিয়ে 4 মিটার করলে, নতুন ও পুরনো আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত হবে?

(a) 5 : 7 (b) 1 : 2 (c) 6 : 7 (d) 7 : 12

88. কোনও বই বিক্রেতা দু'টি বই প্রত্যেকটি 240 টাকায় বিক্রি করেন। তিনি প্রথমটিতে 20% লাভ ও দ্বিতীয়টিতে 20% ক্ষতিতে বিক্রি করলে, মোটের ওপর তাঁর কত লাভ বা ক্ষতি হবে:

(a) 20 টাকা লাভ (b) 10 টাকা ক্ষতি (c) 20 টাকা ক্ষতি (d) 10 টাকা লাভ

89. কোনও সংখ্যার $\frac{3}{8}$ এর সঙ্গে $\frac{7}{8}$ অংশের অন্তর 28 হলে ওই সংখ্যাটি দ্বিগুণ করলে কত হবে?

(a) 102 (b) 42 (c) 98 (d) 112

90. ঘণ্টায় 72 কিলোমিটার বেগে ধাবমান কোনও ট্রেন একটি পোস্টকে অতিক্রম করে 6 সেকেন্ডে। ওই ট্রেনের দৈর্ঘ্য কত (মিটারে)?

(a) 144 (b) 90 (c) 120 (d) 150

91. একটি শাড়ির দাম 302 টাকা ও একটি শার্টের দাম 199 টাকা হলে, 2 ডজন শাড়ি ও 5 ডজন শার্টের দাম কত টাকা হবে? (প্রায়)

(a) 12200 টাকা (b) 22800 টাকা (c) 20000 টাকা (d) 19200 টাকা

92. যদি 8টি বেল্টের দাম 1220 টাকা হয়, তাহলে $1+\frac{1}{2}$ ডজন বেল্টের দাম কত টাকা হবে?

(a) 1830 টাকা (b) 2287.50 টাকা (c) 2745 টাকা (d) 2140 টাকা

93. কোনও আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 8 : 5। যদি ওই আয়তক্ষেত্রের পরিসীমা 780 মিটার হয়, তাহলে ওই আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত? (মিটারে)

(a) 390 (b) 240 (c) 150 (d) 100

94. গিরিশ, সুধীর ও রাজন একটি কাজ 3 দিনে করে। যদি সুধীর ও গিরিশ ওই কাজটি 4 দিনে করে, তাহলে রাজন সেই কাজটি কতদিনে করবে?

(a) 12 দিনে (b) 7 দিনে (c) $3\frac{1}{2}$ দিনে (d) 8 দিনে

95. রাহুলের টাকার $\frac{1}{6}$ অংশ অতুলের টাকার $\frac{2}{3}$ অংশের সমান। যদি তারা মোট 750 টাকা পায়, তাহলে তাদের টাকার অন্তরফল কত?

(a) 450 (b) 375 (c) 150 (d) 600

96. একট সংখ্যা অপরটি থেকে 155 বেশি ও তাদের যোগফল 547, বৃহত্তর সংখ্যাটি কত?

(a) 392 (b) 374 (c) 351 (d) 196

97. দিলীপ ও মহেশ একসঙ্গে প্রতিমাসে আয় করে 7000 টাকা, দীপক ও মহেশ একসঙ্গে আয় করে 6000 টাকা। দীপক যদি মহেশের থেকে 600 টাকা বেশি আয় করে তাহলে দিলীপের মাইনে কত টাকা?

(a) 3500 টাকা (b) 3300 টাকা (c) 3900 টাকা (d) 4300 টাকা

98. A, B, C মিলিতভাবে একটি কাজ করে 10 দিনে। তার মধ্যে A কাজটি 30 দিনে ও B 40 দিনে করে। কাজটি করতে C'-র কতদিন লাগবে?

(a) 50 দিন (b) 20 দিন (c) 24 দিন (d) 35 দিন

99. কোনও সংখ্যার $\frac{7}{8}$ অংশের সঙ্গে ওই সংখ্যার দ্বিগুণের পার্থক্য 72 হলে, ওই সংখ্যাটি কত?

(a) 63 (b) 64 (c) 135 (d) 108

100. কোনও সংখ্যার $\frac{3}{5}$ অংশের 30% 81-এর সমান হলে, ওই সংখ্যার শতকরা 40 কত অংশ হবে?

(a) 135 (b) 180 (c) 450 (d) 270

#### উত্তর

1(b), 2(c), 3(b), 4(c), 5(c), 6(a), 7(c), 8(a), 9(d), 10(a), 11(b), 12(a), 13(c), 14(b), 15(a), 16(c), 17(b) 18(d), 19(b), 20(a), 21(d), 22(a), 23(c), 24(c), 25(a), 26(a), 27(b), 28(c), 29(d), 30(d), 31(d), 32(d), 33(c), 34(c), 35(c), 36(a), 37(d), 38(c), 39(d), 40(b), 41(c), 42(b), 43(c), 44(a), 45(c), 46(d), 47(c), 48(d), 49(c), 50(a), 51(b), 52(d), 53(d), 54(c), 55(c), 56(c), 57(d), 58(c), 59(d), 60(c), 61(d), 62(c), 63(c), 64(b), 65(d), 66(b), 67(c), 68(d), 69(c), 70(b), 71(d), 72(b), 73(b), 74(b), 75(d), 76(b), 77(c), 78(b), 79(d), 80(b), 81(d), 82(c), 83(d), 84(b), 85(d), 86(a), 87(b), 88(c), 89(d), 90(c), 91(d), 92(c), 93(b), 94(a), 95(a), 96(c), 97(d), 98(c), 99(b), 100(b).

#### সমাধান

76(b): ক্রয়মূল্য = $375 \times \frac{4}{(4+1)} = 300$ টাকা।

77(c): নরেশ কাজটি করে = $\frac{(8\times6)}{(8-6)} = 24$ দিনে।

78(b): প্রথম সংখ্যা = 2 এবং শেষ সংখ্যা = $(2 \times 20) = 40$

যোগফল = $\left(\frac{2+40}{2}\right)\times 20 = 420.$

79(d): আসল = 100 টাকা

10 বছর পর সুদ-আসল = $(100 \times 2) = 200$ টাকা

সুদের হার = $\left(\frac{200-100}{10}\right)\% = 10\%.$

80(b): দ্বিতীয় ছাড় = $12\frac{1}{2}\% = \frac{1}{8}$ অংশ

∴ প্রথম ছাড়ের পর মূল্য = $105 \times \frac{8}{(8-1)} = 120$ টাকা

∴ প্রথম ছাড়ের হার = $\left\{\frac{150-120}{150}\right\} \times 100\% = 20\%.$

81(d): প্রথম : দ্বিতীয় : তৃতীয় = $\frac{1}{6}:\frac{1}{4}:\frac{1}{3} = 2:3:4$

দ্বিতীয় অংশের টাকা = $3060 \times \frac{3}{(2+3+4)} = 1020$ টাকা।

82(c): সুদের হার 2% বাড়ার পর

সুদ-আসল = $\left(720 + \frac{600\times4\times2}{100}\right) = (720 + 48) = 768$ টাকা।

83(d): হিন্দি বইয়ের সংখ্যা = $\left\{14200 \times \frac{(100-60)}{100} \times \frac{30}{100}\right\}$

$= \left\{14200 \times \frac{40}{100} \times \frac{30}{100}\right\} = 1704$টি।

84(b): যদি A : B = 3 : 4 = 6 : 8

B : C = 8 : 9 হয়, তবে A : B : C = 6 : 8 : 9

85(d): সাইকেল প্রতি মোট খরচ (450 + 150) = 600 টাকা

∴ 35% লাভে বিক্রয়মূল্য = $\left(600 \times \frac{135}{100}\right) = 810$ টাকা।

86(a): বৃহত্তম সংখ্যা = $(23 + 2 \times 2) = 27.$

87(b): প্রথম আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $(8 \times 6) = 48$ বর্গমিটার।

দ্বিতীয় আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $(6 \times 4) = 24$ বর্গমিটার

∴ দ্বিতীয় : প্রথম = 24 : 48 = 1 : 2.

88(c): প্রথমটির ক্রয়মূল্য = $\left(240 \times \frac{100}{120}\right) = 200$ টাকা

দ্বিতীয়টির ক্রয়মূল্য = $\left(240 \times \frac{100}{80}\right) = 300$ টাকা

∴ মোট ক্ষতি = $(200 + 300) - 240 \times 2 = 20$ টাকা।

89(d): সংখ্যাটি = x

∴ $\frac{7x}{8} - \frac{3x}{8} = 28$ or, x = 56

∴ সংখ্যাটির দ্বিগুণ = 2x = 2 × 56 = 112.

90(c): ট্রেনটি 6 সেকেন্ডে যায় = $\left(72 \times \frac{5}{18} \times 6\right) = 120$ মিটার

*এরপর বারোর পাতায়*

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

56. জুলাই মাসের প্রথমদিন রবিবার হলে, তবে ওই মাসে কতগুলি সোমবার ছিল?

(a) 3 (b) 5 (c) 4 (d) 3

57. নীচের চিত্রে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 20 (b) 28 (c) 24 (d) 22

58. নীচের সিরিজে কতগুলি ব্যঞ্জনবর্ণ (Consonants) 3-এর আগে এসেছে?

3 A 3 F 5 T 3 U 3 S 3 T T 3 J 3 4 5 D X 3 X Z 3 O 3 E

(a) 7 (b) 6 (c) 8 (d) 5

59. যদি PEN = 9, BOOK = 16, PENCIL = 36 হয়, তবে STUDENT = কী লেখা হবে?

(a) 49 (b) 25 (c) 81 (d) 144

60. MATHEMATICS শব্দটির মধ্যে কতগুলি বর্ণ দু'বার ব্যবহৃত হয়েছে?

(a) 5 (b) 2 (c) 4 (d) 3

61. '?' চিহ্নের ঘরে কোন সংখ্যাটি বসবে?

| | |
|---|---|
| A | 2 |
| 4 | C |

| | |
|---|---|
| 5 | F |
| H | 7 |

| | |
|---|---|
| 1 | 10 |
| ? | K |

(a) 11 (b) 12 (c) 15 (d) 16

62. অমিল বিকল্পটি খুঁজে বের করুন:

(a) অসম (b) দিল্লি (c) সিকিম (d) ত্রিপুরা

63. NEWSPAPER-এর কোড NXWSPXPXR হয় তবে MAGAZINE - এর কোড কী হবে?

(a) MXGAZXNX (b) MAGAZXNX (c) MXGXZINE (d) MXGXZXNX

64. যদি কোনও কোডে 1234567 = READING লেখা হয়, তবে 4566567 = নীচের কোন শব্দের কোড হবে?

(a) DEARING (b) DINING (c) DINNER (d) DINNING

65. অমিল বিকল্পটি খুঁজে বের করুন:

(a) BYE (b) PEN (c) MID (d) RAT

66. সঠিক বিকল্প বাছুন:

ভিটামিন-এ : রাতকানা : : ভিটামিন-সি : ?

(a) রিকেট (b) অ্যানিমিয়া (c) বেরিবেরি (d) স্কার্ভি

67. নীচের কোন বিকল্পটির একে অপরের সঙ্গে অমিল?

(a) UKS29345MI345 : UKS29345MI345 (b) VAT33446GS347 : VAT33446GS347 (c) GST2343WB114 : GST2343WB114 (d) IKS3298PR346 : IKS3298RP346

68. নীচের ভুল সংখ্যাটি নির্বাচন করুন:

(a) 289 (b) 529 (c) 649 (d) 729

69. '?' স্থানে কোন বর্ণটি বসবে?

T R P N ?

(a) L (b) H (c) K (d) M

70. শব্দগুচ্ছটির প্রতীকস্বরূপ সঠিক ভেনচিত্রটি চিহ্নিত করুন:

কাবাডি, হকি, খেলাধুলা



(a) (b) (c) (d)

71. কোন অক্ষরটি নীচের শব্দগুলির প্রথমে বসালে নতুন শব্দ তৈরি হবে?

AND AMP ACK AST

(a) J (b) N (c) P (d) L

72. INTELLIGENCE শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?

(a) Ceilling (b) Little (c) General (d) Gentle

73. ঘনকটিতে 4-এর বিপরীতে কোন সংখ্যা আছে?




(a) 1 (b) 6 (c) 4 (d) 3

74. একটি ঘড়িতে 12 : 30 মিনিটের সময় ঘণ্টার কাঁটা উত্তরদিকে মুখ ও মিনিটের কাঁটা দক্ষিণদিকে মুখ হলে; 9 টার সময় ঘণ্টার কাঁটার মুখ কোনদিকে থাকবে?

(a) দক্ষিণ (b) পশ্চিম (c) পূর্ব (d) উত্তর

75. অমিল বিকল্পটি নীচের কোন বিকল্পটি আলাদা:

(a) ম্যালেরিয়া (b) ডায়েরিয়া (c) ফাইলেরিয়া (d) ডেঙ্গু

76. একটি ট্রেন হাওড়া থেকে ব্যান্ডেল 20 কিমি/ঘণ্টা গড় বেগে যায় এবং 30 কিমি/ঘণ্টা গড় বেগে ফিরে আসে। সমগ্র পথে ট্রেনের গড় বেগ:

(a) 26 কিমি/ঘণ্টা (b) 25 কিমি/ঘণ্টা (c) 24 কিমি/ঘণ্টা (d) 27 কিমি/ঘণ্টা

77. 250 মিটার লম্বা একটি চলন্ত ট্রেন লাইনের ধারে দণ্ডায়মান একটি আলোকস্তম্ভকে 25 সেকেন্ডে অতিক্রম করে। কিমি/ঘণ্টা এককে ট্রেনের গড় গতিবেগ কত?

(a) 72 কিমি/ঘণ্টা (b) 54 কিমি/ঘণ্টা (c) 36 কিমি/ঘণ্টা (d) 90 কিমি/ঘণ্টা

78. 60 মিটার লম্বা একটি ট্রেন 90 মিটার দৈর্ঘ্যের একটি প্ল্যাটফর্মকে 13.5 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। কিমি/ঘণ্টা এককে ট্রেনের গড় গতিবেগ কত?

(a) 40 কিমি/ঘণ্টা (b) 45 কিমি/ঘণ্টা (c) 50 কিমি/ঘণ্টা (d) 60 কিমি/ঘণ্টা

*এরপর বারোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

79. 54 কিমি/ঘণ্টা গড় বেগে ধাবমান 60 মিটার লম্বা একটি ট্রেন 10 সেকেন্ডে একটি প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করে। প্ল্যাটফর্মের দৈর্ঘ্য কত?
(a) 80 মিটার (b) 90 মিটার (c) 100 মিটার (d) 120 মিটার

80. 40 কিমি/ঘণ্টা বেগে ধাবমান একটি ট্রেনের সমান্তরাল এবং ট্রেনের গতি অভিমুখে এক ব্যক্তি 25 কিমি/ঘণ্টা সাইকেল চালিয়ে যাচ্ছেন। যদি 48 সেকেন্ডে ট্রেনটি সাইকেল আরোহীকে সম্পূর্ণ অতিক্রম করে তবে ট্রেনের দৈর্ঘ্য কত?
(a) 140 মিটার (b) 160 মিটার (c) 180 মিটার (d) 200 মিটার

81. সমান্তরাল লাইনে বিপরীত দিকে ধাবমান দু'টি ট্রেনের বেগের অনুপাত 2 : 3। লাইনের ধারে দণ্ডায়মান একটি বাতিস্তম্ভকে তারা যথাক্রমে 4 এবং 6 সেকেন্ড সময়ে সম্পূর্ণ অতিক্রম করে। পরস্পরকে সম্পূর্ণ অতিক্রম করতে কত সময় লাগবে?
(a) 5.4 সেকেন্ড (b) 5.2 সেকেন্ড (c) 5.8 সেকেন্ড (d) 5.6 সেকেন্ড

82. দু'টি স্টেশনের মধ্যবর্তী দূরত্ব অতিক্রম করতে একটি ট্রেনের 45 মিনিট সময় লাগে। বেগ 5 কিমি/ঘণ্টা হ্রাস করলে ওই দূরত্ব অতিক্রম করতে 3 মিনিট অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়। স্টেশন দুটির মধ্যে দূরত্ব কত?
(a) 60 কিমি (b) 40 কিমি (c) 50 কিমি (d) 30 কিমি

83. একটি কাজ 2 জন পুরুষ এবং 3 জন বালক 10 দিনে আবার 3 জন পুরুষ এবং 2 জন বালক 8 দিনে সম্পূর্ণ করতে পারে। 8 জন পুরুষ ও 22 জন বালক কতদিনে কাজটি সম্পূর্ণ করবে?
(a) 4 (b) 3 (c) 2 (d) 3.5

84. একজন কন্ট্রাকটর 15 কিলোমিটার লম্বা একটি খাল 350 দিনে খননের জন্য চুক্তিবদ্ধ হয়ে 60 জন শ্রমিক নিয়োগ করলেন। 200 দিন কাজ করার পর মাত্র 6 কিমি খাল খনন হলে নির্দিষ্ট সময়ে কাজ শেষ করতে অতিরিক্ত কত জন শ্রমিক নিয়োগ করতে হবে?
(a) 75 জন (b) 60 জন (c) 50 জন (d) 45 জন

85. একটি কাজ রামু একা 25 দিনে এবং রমজান একা 20 দিনে করতে পারে। তারা একত্রে 5 দিন কাজ করার পর রামু চলে গেল। বাকি কাজ রমজান কতদিনে শেষ করবে?
(a) 10 দিন (b) 11 দিন (c) 12 দিন (d) 9 দিন

86. 30 জন শ্রমিকের একটি দল 38 দিনে একটি কাজ সম্পন্ন করতে পারে। 25 দিন পর 5 জন অতিরিক্ত শ্রমিক নিয়োগের ফলে নির্দিষ্ট সময়ের 1 দিন আগে কাজটি সম্পন্ন হল। যদি 5 জন অতিরিক্ত শ্রমিক নিয়োগ করা না হত তবে কাজটি নির্দিষ্ট সময়ের কতদিন পর শেষ হত?
(a) 1 দিন (b) 2 দিন (c) 3 দিন (d) 4 দিন

87. একটি জলাধার তিনটি নলদ্বারা পৃথকভাবে 10, 12 এবং 15 ঘণ্টায় পূর্ণ হয়। তিনটি নল একসঙ্গে চালু করলে কত সময়ে জলাধারটি পূর্ণ হবে?
(a) 3 ঘণ্টা (b) 4 ঘণ্টা (c) 5 ঘণ্টা (d) 6 ঘণ্টা

88. একটি জলাধার দু'টি আগম নল দ্বারা পৃথকভাবে 1 ঘণ্টায় ও 1 ঘণ্টা 15 মিনিটে পূর্ণ হয় এবং অপর একটি নির্গমন নল দ্বারা পূর্ণ জলাধারটি 100 মিনিটে খালি হয়। তিনটি নল একত্রে খুলে দিলে কত সময়ে জলাধারটি পূর্ণ হবে?
(a) 30 মিনিট (b) 40 মিনিট (c) 50 মিনিট (d) 60 মিনিট

89. একটি জলাধারের নীচের একটি ছিদ্র দ্বারা পূর্ণ জলাধারটি 9 ঘণ্টায় খালি হয়। একটি আগম নল প্রতি মিনিটে 5 লিটার জল ট্যাঙ্কে ঢালতে পারে। দুটি নল একসঙ্গে খুলে দিলে 12 ঘণ্টায় খালি হয়। জলাধারের জল ধারণের ক্ষমতা কত?
(a) 9640 লিটার (b) 9800 লিটার (c) 10480 লিটার (d) 10800 লিটার

90. একটি ট্রেনের চাকার পরিধি $4\frac{2}{7}$ মিটার; প্রতি 4 সেকেন্ডে চাকার পূর্ণ ঘূর্ণনের সংখ্যা 14 হলে, কিমি/ঘণ্টা এককে ট্রেনের বেগ কত?
(a) 50 কিমি/ঘণ্টা (b) 54 কিমি/ঘণ্টা (c) 60 কিমি/ঘণ্টা (d) 72 কিমি/ঘণ্টা

91. একটি ট্রেনের চাকার ব্যাসার্ধ 1.75 মিটার। প্রতি 4 সেকেন্ডে চাকার পূর্ণ ঘূর্ণনের সংখ্যা 5 হলে, কিমি/ঘণ্টা এককে ট্রেনের বেগ কত?
(a) 49.5 কিমি/ঘণ্টা (b) 50 কিমি/ঘণ্টা (c) 48.5 কিমি/ঘণ্টা (d) 48 কিমি/ঘণ্টা

92. দুধ ও জলের মিশ্রণে দুধের পরিমাণ জলের $\frac{3}{5}$ গুণ। মিশ্রণে দুধের অনুপাত:
(a) 1 : 8 (b) 1 : 2 (c) 3 : 8 (d) 5 : 8

93. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7 : 3 এবং বয়সের গুণফল 756; 6 বছর পরে তাদের বয়সের অনুপাত কত?
(a) 2 : 1 (b) 5 : 2 (c) 11 : 7 (d) 7 : 3

94. একটি প্রতিষ্ঠানে 35 জন ইঞ্জিনিয়ার আছেন। প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ার নয় এরূপ কর্মচারীর হার 80% হলে, প্রতিষ্ঠানের মোট কর্মচারীর সংখ্যা কত?
(a) 125 (b) 150 (c) 160 (d) 175

95. একটি প্রতিষ্ঠানের মোট 100 জন কর্মচারীর গড় বয়স 36.5 বছর। পুরুষ ও মহিলা কর্মচারীদের গড় বয়স যথাক্রমে 45 এবং 28 বছর হলে প্রতিষ্ঠানে পুরুষ কর্মচারীর সংখ্যা কত?
(a) 45 (b) 50 (c) 40 (d) 55

96. একটি পরিবারের মোট ছয় সদস্যের গড় বয়স 22 বছর। পরিবারের কনিষ্ঠতম সদস্যের বয়স 7 বছর হলে, কনিষ্ঠতম সদস্যের জন্মের সময় পরিবারের সদস্যদের গড় বয়স কত ছিল?
(a) 18 বছর (b) 16 বছর (c) 20 বছর (d) 24 বছর

97. একটি বিদ্যালয়ের 8 জন ছাত্রের গড় বয়স 3 মাস হ্রাস পায় যখন 18 বছরের একজন ছাত্রের জায়গায় একজন নতুন ছাত্র যোগদান করে। নতুন ছাত্রের বয়স কত?
(a) 20 বছর (b) 16 বছর (c) 15 বছর (d) 17 বছর

98. 2,500 টাকা 8% সরল সুদে বিনিয়োগ করা হলে, কত বছরে সুদেমূলে 3,300 টাকা হবে?
(a) 5 (b) 4 (c) 6 (d) 4.5

99. সরল সুদে বিনিয়োগ করা কিছু পরিমাণ টাকা সুদেমূলে 2 বছরে 756 টাকা এবং 3.5 বছরে 873 টাকা হয়। বিনিয়োগের পরিমাণ কত?
(a) 500 টাকা (b) 600 টাকা (c) 700 টাকা (d) 650 টাকা

100. সরল সুদে বিনিয়োগ করা কিছু পরিমাণ অর্থ 6 বছরে দ্বিগুণ হয়। কত বছরে 5 গুণ হবে?
(a) 30 বছর (b) 28 বছর (c) 26 বছর (d) 24 বছর

**উত্তর**

29(b), 30(a), 31(b), 32(b), 33(d), 34(b), 35(a), 36(a), 37(d), 38(a), 39(a), 40(a), 41(c), 42(c), 43(d), 44(a), 45(b), 46(b), 47(a), 48(a), 49(a), 50(c), 51(d), 52(d), 53(a), 54(c), 55(c), 56(b), 57(c), 58(b), 59(a), 60(d), 61(b), 62(b), 63(d), 64(d), 65(a), 66(d), 67(d), 68(c), 69(a), 70(c), 71(d), 72(c), 73(b), 74(b), 75(b), 76(c), 77(c), 78(a), 79(b), 80(d), 81(b), 82(a), 83(c), 84(b), 85(b), 86(a), 87(b), 88(c), 89(d), 90(b), 91(a), 92(c), 93(a), 94(d), 95(b), 96(a), 97(b), 98(b), 99(b), 100(d),

**সমাধান**

51(d): পি ভি সিন্ধু : টেনিস— ব্যাডমিন্টন খেলার সঙ্গে যুক্ত।

52(d): পরপর সংখ্যার ঘন নম্বর বসানো হয়েছে $1^3 = 1$, $2^3 = 8$, $3^3 = 27$, $4^3 = 64$, $5^3 = 125$.

53(a): Saturday.

54(c): 15 + 1 – 6 =10, 10 + 8 – 3 = 15, 9 + 11 – 6 = 14.

55(c): 'c' ছাড়া প্রতিটি ছবি সমান দু'ভাগে ভাগ হয়েছে।

56(b): জুলাই মাসের প্রথমদিন রবিবার হলে, তবে 2, 9, 16, 23, 30 তারিখ হল সোমবার।
অতএব, এই মাসে 5টি সোমবার ছিল।

58(b): 3 A 3 F 5 <u>T 3</u> U 3 <u>S 3</u> T <u>T 3</u> <u>J 3</u> 4 5 D <u>X 3</u> X <u>Z 3</u> O 3 E.

59(a): PEN 3টি অক্ষর = $3^2 = 9$, BOOK 4টি অক্ষর = $4^2 = 16$,
PENCIL = 6টি অক্ষর = $6^2 = 36$
অতএব, STUDENT = 7টি অক্ষর = $7^2 = 49$.

60(d): M, A, T বর্ণ তিনটি দু'বার ব্যবহার হয়েছে।

61(b): A = 1, B = 2, C = 3, D = 4, E = 5, F = 6, G = 7, H = 8
I = 9, J = 10, K = 11, L = 12.

62(b): দিল্লি কেন্দ্রশাসিত অঞ্চল বাকিগুলি রাজ্য।

63(d): ব্যঞ্জনবর্ণ (Consonant) গুলির স্থানে X বসানো হয়েছে।

64(d):

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| R | E | A | D | I | N | G |
| 4 | 5 | 6 | 6 | 5 | 6 | 7 |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| D | I | N | N | I | N | G |

65(a): BYE ছাড়া প্রতিটি শব্দের মাঝে Vowel আছে।

67(d): IKS3298OPR346 : IKS3298ORP346.

68(c): 649 সংখ্যাটি বর্গমূল নয়।
$17^2 = 289$, $23^2 = 529$, $27^2 = 729$.

69(a): $\overset{20}{T} \xrightarrow{-2} \overset{18}{R} \xrightarrow{-2} \overset{16}{P} \xrightarrow{-2} \overset{14}{N} \xrightarrow{-2} \overset{12}{L}$

70(c):



71(d): LAND LAMP LACK LAST

73(b): 4-এর পাশাপাশি 1, 2, 3, 5 আছে
অতএব 4-এর বিপরীতে 6 সংখ্যা আছে?

74(b):



75(b): ডায়রিয়া ছাড়া বাকিগুলি মশাবাহিত রোগ।

76(c): গড় বেগ = $\frac{2 \times \text{বেগদ্বয়ের গুণফল}}{\text{বেগদ্বয়ের যোগফল}}$

$= \frac{2 \times 20 \times 30}{20 + 30} = \frac{2 \times 20 \times 30}{50} = 24$ কিমি/ঘণ্টা।

77(c): আলোকস্তম্ভকে অতিক্রম করার জন্য ট্রেন 25 সেকেন্ডে তার নিজের দৈর্ঘ্যের সমান দূরত্ব (250 মিটার) অতিক্রম করে। বেগ = দূরত্ব/সময় = 10 মিটার/সেকেন্ড

$= 10 \times \frac{18}{5} = 36$ কিমি/ঘণ্টা

[1 মিটার/সেকেন্ড $= \frac{18}{5}$ কিমি/ঘণ্টা]

78(a): প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করার জন্য ট্রেন তার নিজের দৈর্ঘ্য + প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 60 + 90 = 150 মিটার 13.5 $= \frac{27}{2}$ সেকেন্ডে অতিক্রম করে।

বেগ $= \frac{150}{\frac{27}{2}} = \frac{150 \times 2}{27} = \frac{100}{9}$ মিটার/সেকেন্ড

$= \frac{100}{9} \times \frac{18}{5} = 40$ কিমি/ঘণ্টা।

79(b): প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করার জন্য ট্রেন তার নিজের দৈর্ঘ্য + প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 60 + 90 = 150 মিটার 13.5 $= \frac{27}{2}$ সেকেন্ডে অতিক্রম করে।

বেগ = 54 কিমি/ঘণ্টা $= 54 \times \frac{5}{18} = 15$ মিটার/ সেকেন্ড

মোট দূরত্ব = (ট্রেন + প্ল্যাটফর্ম)-এর দৈর্ঘ্য = বেগ × সময় = 15 × 10 = 150 মিটার
প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 150 – ট্রেনের দৈর্ঘ্য = 150 – 60 = 90 মিটার।

80(d): একই দিকে যাওয়ার জন্য ও আরোহীর সাপেক্ষে ট্রেনের আপেক্ষিক বেগ = 40 – 25 = 15 কিমি/ঘণ্টা $= 15 \times \frac{5}{18} = \frac{25}{6}$ মিটার/ সেকেন্ড

ট্রেনের দৈর্ঘ্য = আপেক্ষিক বেগ × সময় $= \frac{25}{6} \times 48 = 200$ মিটার।

81(b): ট্রেনের গতিবেগের অনুপাত x : y পৃথকভাবে দু'টি বাতিস্তম্ভকে অতিক্রম করার সময় = a, b সেকেন্ড হলে, পরস্পরকে অতিক্রম করার সময়

$= \frac{ax + by}{x + y} = \frac{4 \times 2 + 6 \times 3}{2 + 3} = \frac{26}{5} = 5.2$ সেকেন্ড।

82(a): সময় মিনিটে দেওয়া আছে, ঘণ্টায় পরিবর্তিত করার জন্য $\frac{1}{60}$ দ্বারা গুণ করতে হবে,

দূরত্ব = বেগের হ্রাস × $\frac{\text{দু'টি সময়ের গুণফল}}{\text{দু'টি সময়ের অন্তর}} \times \frac{1}{60}$

$= 5 \times \frac{45 \times 48}{48 - 45} \times \frac{1}{60} = \frac{5 \times 45 \times 4}{3 \times 5} = 60$ কিমি।

83(c): 10 (2m + 3b) = 8(3m + 2b)

$\Rightarrow 20m + 30b = 24m + 16b \Rightarrow 4m = 14b \Rightarrow 1m = \frac{14}{4} = \frac{7}{2}b$

$2m + 3b = \left(2 \times \frac{7}{2} + 3\right) = 10b$, $8m + 22b = \left(8 \times \frac{7}{2} + 22\right) = 50b$

10b → 10 দিনে, 1b → 10 × 10 = 100 দিনে

50b → $\frac{100}{50} = 2$ দিনে।

84(b): 200 দিনে 60 শ্রমিক 6 কিমি
150 দিনে ? শ্রমিক 9 কিমি
সূত্র: $m_1 d_1 w_2 = m_2 d_2 w_1$ বা, $60 \times 200 \times 9 = m_2 \times 150 \times 6$

$m_2 = \frac{60 \times 200 \times 9}{150 \times 6} = \frac{60 \times 4 \times 9}{3 \times 6} = 120$ জন

অতিরিক্ত শ্রমিক = 120 – 60 = 60 জন।

85(b): রামু ও রমজান 5 দিনে কাজটির $5\left(\frac{1}{25} + \frac{1}{20}\right) = 5 \times \frac{20 + 25}{25 \times 20} = \frac{45}{100}$

$= \frac{9}{20}$ অংশ করে, বাকি অংশ $= 1 - \frac{9}{20} = \frac{11}{20}$

রমজান: 1 → 20 দিনে, $\frac{11}{20} \to 20 \times \frac{11}{20} = 11$ দিনে।

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল*

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

ট্রেনটির দৈর্ঘ্য = 120 মিটার।

91(d): 2 ডজন শাড়ি ও 5 ডজন শার্টের দাম = (2 × 12 × 302 + 5 × 12 × 199) টাকা = (7248 + 11940) = 19188 টাকা = 19200 টাকা (প্রায়)।

92(c): $1\frac{1}{2}$ ডজন বেল্ট = 18টি বেল্টের দাম $= \left(\frac{1220}{8} \times 18\right) = 2745$ টাকা।

93(b): দৈর্ঘ্য $= \left\{\frac{780}{2} \times \frac{8}{(8+5)}\right\} = \left\{\frac{780 \times 8}{26}\right\} = 240$ মিটার।

94(a): রাজন কাজটি করে $= \left(\frac{3 \times 4}{4 - 3}\right) = 12$ দিনে।

95(a): ধরি, রাহুলের টাকা = x এবং অতুলের টাকা = y

$\therefore \frac{x}{6} = \frac{2y}{3}$ $\therefore \frac{x}{y} = \frac{4}{1}$

$\therefore$ তাদের টাকার অন্তর $(x - y) = \left\{\frac{(4-1) + 750}{(4+1)}\right\} = 450$ টাকা।

96(c): বৃহত্তর সংখ্যা $= \frac{547 + 155}{2} = \frac{702}{2} = 351$।

97(d): মহেশের আয় $= \left(\frac{6000 - 600}{2}\right) = 2700$ টাকা

$\therefore$ দিলীপের আয় = (7000 – 2700) = 4300 টাকা।

98(c): A + B + C (10) $= \frac{12}{120}$

A(30) $= \frac{4}{120}$, B(40) $= \frac{3}{120}$

$\therefore$ C একদিনে করে = 12 – (4 + 3) = 5

$\therefore$ C-র সময় লাগবে $= \frac{120}{5} = 24$ দিন।

99(b): ধরি সংখ্যাটি = x

$\therefore 2x = \frac{7x}{8} = 72$, $\frac{9x}{8} = 72$ $\therefore x = \frac{72 \times 8}{9} = 64$.

100(b): $\frac{3}{5}$ অংশ $= \left(\frac{3}{5} \times 100\right)\% = 60\%$

$\therefore$ 60%-এর 30% $= \frac{60 \times 30}{100}\% = 18\%$

$\therefore$ 18% = 81, 40% $= \frac{81 \times 40}{18} = 180$.

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নবোদয় বিদ্যালয়ে ২৩৬৪

প্রথম পাতার পর

৬৩টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত ও ২টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ইংলিশ: ৩৭টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। জিওগ্রাফি: ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। হিন্দি: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। হিস্ট্রি: ৪৬টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ম্যাথস: ৪৮টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ফিজিক্স: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। কম্পিউটার সায়েন্স: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স ছাড়া অন্য সব ক'টি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। ২ বছরের ইন্টিগ্রেটেড পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। টি জি টি হিসেবে অভিজ্ঞতা থাকলে কিংবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে কিংবা কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। ফিজিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ফিজিক্স, ইলেক্ট্রনিক্স ফিজিক্স, নিউক্লিয়ার ফিজিক্স গ্রাহ্য হবে। কেমিস্ট্রির ক্ষেত্রে বায়ো-কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স গ্রাহ্য হবে। ইকনমিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইকনমিক্স ও বিজনেস ইকনমিক্স গ্রাহ্য হবে। বায়োলজির ক্ষেত্রে বটানি, জুলজি, লাইফ সায়েন্সেস, বায়ো সায়েন্সেস, জেনেটিক্স, মাইক্রো বায়োলজি, বায়ো টেকনোলজি, মলিকিউলার বায়ো, প্ল্যান্ট ফিজিওলজি গ্রাহ্য হবে, যদি প্রার্থী স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে বটানি ও জুলজি পড়ে থাকেন। কমার্সের ক্ষেত্রে অ্যাকাউন্টিং বা কস্ট অ্যাকাউন্টিং বা ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকলে আবেদন করা যাবে। অ্যাপ্লায়েড ইকনমিক্স বা বিজনেস ইকনমিক্সে এম কম ডিগ্রিধারীরা আবেদন করবেন না।

কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি বা এম সি এ। অথবা কম্পিউটার সায়েন্সে বি এসসি অথবা বি সি এ, সঙ্গে যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা ডোয়েক 'বি' লেভেল পাশ-সহ যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ডোয়েক 'সি' লেভেল উত্তীর্ণ।

সব ক্ষেত্রেই প্রার্থীর বি এড ডিগ্রি থাকা বাধ্যতামূলক (কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে অগ্রাধিকার)। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষ হতে হবে।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার:** ইংলিশ: ২৭৯টি (সাধারণ ১২৯, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ২০, ও বি সি ৭৫, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৬টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। হিন্দি: ৩২০টি (সাধারণ ১৪৬, তফসিলি জাতি ৪৮, তফসিলি উপজাতি ২৪, ও বি সি ৮৬, আর্থিকভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত ও ৬টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ম্যাথস: ২৫৬টি (সাধারণ ১১৭, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৬৯, আর্থিকভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৬টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। সায়েন্স: ১৩৯টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৭, আর্থিকভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। সোশ্যাল স্টাডিজ: ১৬০টি (সাধারণ ৭৩, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৩, আর্থিকভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৩টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ৪ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স করে থাকলেও আবেদন করা যাবে। সংশ্লিষ্ট বিষয় বা কম্বিনেশনের প্রতিটি বিষয়েও অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি টেট)-এ সফল হতে হবে। বি এড থাকা বাধ্যতামূলক। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষ হতে হবে। কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে কিংবা কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

ইংরেজি ও হিন্দি বিষয়ের ক্ষেত্রে ডিগ্রিস্তরে একটি ঐচ্ছিক বিষয় হিসেবে যথাক্রমে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে কম্বিনেশনের বিষয়গুলি হল: ফিজিক্সের পাশাপাশি কেমিস্ট্রি বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স। ফিজিক্স ও কেমিস্ট্রির অনার্স ডিগ্রিধারীরা টি জি টি (ম্যাথমেটিক্স) পদের জন্য আবেদন করতে পারবেন না। সায়েন্স বিষয়ের ক্ষেত্রে বটানি, জুলজি ও কেমিস্ট্রি নিয়ে পড়ে থাকতে হবে। এই তিন বিষয়ের কোনও একটিতে অনার্স পড়ে থাকলে প্রথম দুই বছরে অন্য দু'টি বিষয়ও পড়ে থাকতে হবে এবং প্রতিটি বিষয়েই প্রতি বছরে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। সোশ্যাল স্টাডিজের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়-তালিকার মধ্যে থেকে যে-কোনও দু'টি বিষয় নিয়ে পড়ে থাকতে হবে: হিস্ট্রি এবং জিওগ্রাফি বা ইকনমিক্স বা পলিটিক্যাল সায়েন্স। অথবা জিওগ্রাফি এবং হিস্ট্রি বা ইকনমিক্স বা পলিটিক্যাল সায়েন্স। হিস্ট্রি বা জিওগ্রাফি বিষয়ে অনার্স করে থাকলে কম্বিনেশনের অন্য তিনটি বিষয় প্রথম ও দ্বিতীয় বর্ষে পড়ে থাকতে হবে। প্রতি বিষয়ে প্রতি বছরে ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**মিসলেনিয়াস ক্যাটেগরি:** মিউজিক: ১১১টি (সাধারণ ৫৩, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৯, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও ৩টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। আর্ট: ১৩০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৫, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ফিজিক্যাল এডুকেশন টিচার (পুরুষ): ১৪৮টি (সাধারণ ৬৯, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৯, আর্থিকভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ফিজিক্যাল এডুকেশন টিচার (মহিলা): ১০৫টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। লাইব্রেরিয়ান: ৭০টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা: মিউজিকের ক্ষেত্রে** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক, সঙ্গে বি এড ডিগ্রি। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে বম্বের গন্ধর্ব মহাবিদ্যালয় মণ্ডল বা লখনউয়ের ভাতখণ্ডে সঙ্গীত বিদ্যালয়পীঠ বা মধ্যপ্রদেশের ইন্দিরা কলা সঙ্গীত বিশ্ববিদ্যালয় থেকে সঙ্গীত-বিশারদ পরীক্ষা অথবা এলাহাবাদের প্রয়াগ সঙ্গীত সমিতি থেকে সঙ্গীত প্রভাকর পরীক্ষা অথবা চণ্ডিগড়ের প্রাচীন কলা কেন্দ্র থেকে সঙ্গীত ভূষণ বা সঙ্গীত নৃত্য বিশারদ পরীক্ষায় পাশ করে থাকতে হবে। যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য, সেক্ষেত্রে চণ্ডিগড়ের প্রাচীন কলা কেন্দ্র থেকে সঙ্গীত ভাস্কর বা সঙ্গীত নৃত্যভূষণ পরীক্ষায় পাশ করে থাকতে হবে। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকলে অথবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **আর্টের ক্ষেত্রে** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ড্রয়িং বা পেন্টিং বা স্কাল্পচার বা গ্রাফিক আর্ট বা ক্রাফটসে পাঁচ বছরের ডিপ্লোমা করে থাকতে হবে। অথবা ড্রয়িং অ্যান্ড পেন্টিং, ফাইন আর্টসে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা বিশ্বভারতী, শান্তিনিকেতন থেকে ফাইন আর্টস বা ক্রাফটসে চার বছরের ডিপ্লোমা। অথবা ফাইন আর্টসে বি এড ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। ব্যাচেলর অব ফাইন আর্টস ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। বি এড ডিগ্রি থাকলে অথবা ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকলে অথবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **ফিজিক্যাল এডুকেশন টিচারের ক্ষেত্রে** ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি অথবা যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি-সহ ডি পি এড। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকলে অথবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **লাইব্রেরিয়ানের ক্ষেত্রে** লাইব্রেরি সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি। অথবা যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে এক বছরের ডিপ্লোমা। পাশাপাশি, ইংরেজি ও হিন্দি ভাষায় কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। কোনও রেসিডেন্সিয়াল স্কুলে কাজের অভিজ্ঞতা থাকলে অথবা কম্পিউটার অপারেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

**ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি):** ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ক্যাটারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। অথবা সি বি এস ই পরিচালিত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক এবং অন্যতম ভোকেশনাল বিষয় হিসেবে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং পড়ে থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অথবা উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ক্যাটারিংয়ে ১ বছরের ডিপ্লোমা এবং কোনও স্বীকৃত হোটেল বা প্রতিষ্ঠানে ৩ বছরের কাজের অভিজ্ঞতা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক (গ্রুপ সি):** ১৩৫টি (সাধারণ ৬৩, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৬, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৬টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। পাশাপাশি, ইংলিশে মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ে ৬ মাসের ডিপ্লোমা কোর্স করে থাকলে অগ্রাধিকার। উচ্চমাধ্যমিক স্তরে কম্পিউটার অপারেশন ও ডেটা এন্ট্রি বিষয়ে পড়াশোনা করে থাকলে অবশ্য ডিপ্লোমা না করে থাকলেও চলবে।

**ফিমেল স্টাফ নার্স:** ৫৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ২টি)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক এবং নার্সিংয়ের ৩ বছরের ডিপ্লোমা। অথবা নার্সিংয়ের বি এসসি ডিগ্রি। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। কোনও হাসপাতাল বা ক্লিনিকে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। হিন্দি বা আঞ্চলিক ভাষা এবং ইংরেজিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৯-৮-২০১৯ তারিখে পি জি টি-র ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে, লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে এবং বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। স্টাফ নার্স, ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট এবং লোয়ার ডিভিশন ক্লার্ক ছাড়া বাকি পদের ক্ষেত্রে মহিলারাও বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** পি জি টি-র ক্ষেত্রে ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। টি জি টি ও মিসলেনিয়াস টিচারের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। ক্যাটারিং অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা। লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। ফিমেল স্টাফ নার্স ভ্রপদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি। পরীক্ষা হবে ৫ থেকে ১০ সেপ্টেম্বরের মধ্যে। পরীক্ষায় থাকবে পি জি টি-র ক্ষেত্রে রিজনিং এবিলিটি (১৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১৫ নম্বর), টিচিং অ্যাপ্টিটিউড (২০ নম্বর), বিষয়ভিত্তিক প্রশ্ন (১০০ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৩০ নম্বর)। মোট সময় ৩ ঘণ্টা। টি জি টি ও মিসলেনিয়াস টিচারের ক্ষেত্রে থাকবে রিজনিং এবিলিটি (১০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), টিচিং অ্যাপ্টিটিউড (১৫ নম্বর), বিষয়ভিত্তিক প্রশ্ন (১০০ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৪৫ নম্বর)। মোট সময় ৩ ঘণ্টা। মনে রাখবেন, ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্টে প্রার্থী পাশ করতে না পারলে পেপারের বাকি অংশ দেখা হবে না। স্টাফ নার্স এবং ক্যাটারিং অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে থাকবে রিজনিং এবিলিটি (১৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (১৫ নম্বর), বিষয়ভিত্তিক প্রশ্ন (৬০ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৩০ নম্বর)। মোট সময় ২ ঘণ্টা। লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে থাকবে রিজনিং এবিলিটি (২৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (২৫ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর)। মোট সময় ২ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.navodaya.gov.in, www.nvsrecruitment2019.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৯ অগস্ট পর্যন্ত।

ফি বাবদ জমা দিতে হবে পি জি টি, টি জি টি, ফিমেল স্টাফ নার্স এবং মিসলেনিয়াস টিচারের ক্ষেত্রে ১,২০০ টাকা এবং ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে ১,০০০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১২ অগস্ট।

যথাযথভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে পূরণ করা অনলাইন দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মাজাগন ডকে ৩৬৬ ইলেক্ট্রিশিয়ান ও রিগার

প্রথম পাতার পর

সেক্ষেত্রে কোনও শিপবিল্ডিং সংস্থায় রিগার ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

উভয় পদের ক্ষেত্রেই কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

মোট শূন্যপদের মধ্যে ৩টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** স্কিল্ড-গ্রেড ওয়ান পদের ক্ষেত্রে ১৭,০০০-৬৪,৩৬০ টাকা এবং সেমি-স্কিল্ড গ্রেড ওয়ান পদের ক্ষেত্রে ১৩,২০০-৪৯,৯১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazagondock.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৬ জুলাই। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় ইউজার নেম ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং এবং ভীম অ্যাপ্লিকেশনের মধ্যে যে-কোনও একটির মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০২২-২৩৭৬-৪১৪০/২৩/২৫।

# দিল্লি বিশ্ববিদ্যালয়ে ২২৪ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

প্রথম পাতার পর

জিওলজি: ৫টি, জার্মানিক অ্যান্ড রোমান্স স্টাডিজ: ১৩টি, হিন্দি: ১৯টি, ল: ১২টি, লিঙ্গুইস্টিক্স: ৪টি, ম্যানেজমেন্ট স্টাডিজ: ২৭টি, মডার্ন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিটারারি স্টাডিজ: ১১টি, মিউজিক: ১৫টি, ফিজিক্স অ্যান্ড অ্যাস্ট্রোফিজিক্স: ১৭টি, পলিটিক্যাল সায়েন্স: ১৪টি, সাইকোলজি: ৬টি, স্ল্যাভোনিক অ্যান্ড ফিনো-উগ্রিয়ান স্টাডিজ: ৬টি, স্ট্যাটিস্টিক্স: ৫টি, জুলজি: ৪টি। সংস্কৃত: ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। এর পাশাপাশি প্রার্থীকে অবশ্যই ইউ জি সি বা সি এস আই আর আয়োজিত নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। পি এইচ ডি ডিগ্রিধারী, যাঁরা ১৯ সেপ্টেম্বর ১৯৯১-এর আগে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন, তাঁরাও মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যাঁরা ১১ জুলাই ২০০৯-এর আগে এম ফিল বা পি এইচ ডি-র জন্য রেজিস্ট্রেশন করেছিলেন তাঁরা নেট পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে থাকলেও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। যাঁরা ইউ জি সি রেগুলেশন ২০০৯ এবং ২০১৬ অনুসারে পি এইচ ডি সম্পূর্ণ করেছেন তাঁরাও নেট পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে থাকলেও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.du.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৩ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ভাবা অ্যাটমিক রিসার্চে স্টাইপেন্ডারি ট্রেনি

বিভিন্ন ট্রেডে ৪৩ জন স্টাইপেন্ডারি ট্রেনি নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। ক্যাটেগরি ২-এ প্রশিক্ষণ দেওয়া হবে কলপক্কম এবং তারাপুরের নিউক্লিয়ার রিসাইকল বোর্ডে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019.

**ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা:** কলপক্কম: ২৮টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৬, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ২)। তারাপুর: ১৫টি (সাধারণ ১১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** প্লান্ট অপারেটর: ৭টি, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট: ৪টি, ফিটার: ১২টি, ওয়েল্ডার: ২টি, টার্নার: ১টি, ইলেক্ট্রিশিয়ান: ৪টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৮টি, ইলেক্ট্রনিক মেকানিক: ৪টি, এ সি মেকানিক: ১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** প্লান্ট অপারেটরের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক পড়ে থাকতে হবে।

ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক পড়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ২ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। উপরোক্ত ট্রেডে ১ বছর মেয়াদের ট্রেড কোর্স পাশ হলেও আবেদন করা যাবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বাকি ট্রেডগুলির ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। উপরোক্ত ট্রেডে ১ বছর মেয়াদের ট্রেড কোর্স পাশ হলেও আবেদন করা যাবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৫.৫ কেজি।

**বয়স:** ৭-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না এবং আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৫০০ টাকা ও ১২,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান 'বি' ও টেকনিশিয়ান 'সি' পদে। টেকনিশিয়ান 'বি' পদের ক্ষেত্রে বেতন ২১,৭০০ টাকা এবং টেকনিশিয়ান 'সি' পদের ক্ষেত্রে বেতন ২৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি টেস্টে প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। দ্বিতীয় পর্যায়ে অ্যাডভান্সড টেস্টে প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেড থেকে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৭ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। যথাযথভাবে দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

## রাজ্যের এগ্রিকালচারাল সার্ভিসে অফিসার

এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার পদে ৯ জনকে নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। প্রার্থী বাছাই করবে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 14/2019. অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in দরখাস্তের শেষ তারিখ ৩০ জুলাই। আগ্রহীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

# এলাহাবাদ হাইকোর্টে ১০৪ ট্রেনি ল ক্লার্ক

১০৪ জন ট্রেনি ল ক্লার্ক নেবে এলাহাবাদ হাইকোর্ট। এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/Law Clerk (Trainee)/19.

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত ল কলেজ থেকে আইনে ৩ বছরের স্নাতক কোর্স পাশ। ৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্স করে থাকলেও আবেদন করা যাবে। প্রার্থীকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মনে রাখবেন, যাঁরা এখনও পর্যন্ত অ্যাডভোকেট হিসেবে প্র্যাক্টিস শুরু করেননি বা কোনও অন্য কাজের সঙ্গে যুক্ত নন, তাঁরাই কেবলমাত্র আবেদন করবেন। প্রার্থীর অবশ্যই ডেটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং, কম্পিউটার অপারেশনের মতো জ্ঞান থাকতে হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরা, যাঁরা রেজাল্টের জন্য অপেক্ষা করছেন, তাঁরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে অগস্ট মাসের প্রথম সপ্তাহের মধ্যে তাঁদের মার্কশিট জমা দিতে হবে। **বয়স:** ১-৭-২০১৯ তারিখে ২১ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে এলাহাবাদে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.allahabadhighcourt.in পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ফটোটি একাধারে গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত এবং প্রার্থী কর্তৃক স্বপ্রত্যয়িত হতে হবে।
- ✓ফি বাবদ দিতে হবে ৩০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফটটি 'Registrar General, High Court of Judicature'-এর অনুকূলে এলাহাবাদে প্রদেয় হতে হবে।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও প্রতিটিতে ৪০ টাকার ডাকটিকিট সাঁটানো দু'টি ৫"×১০" মাপের খাম।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF LAW CLERK (TRAINEE)'.

৮ অগস্টের মধ্যে স্পিড পোস্ট বা এ ডি-সহ রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়ারে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar General, High Court of Judicature at Allahabad. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে স্টাইপেন্ডারি ট্রেনি ও সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট

৪৩ জন স্টাইপেন্ডারি ট্রেনি ও সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: TMS/HRM/01/2019.

**শূন্যপদের বিন্যাস: ক্যাটেগরি অনুসারে:** মোট ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **পদ অনুসারে শূন্যপদ: স্টাইপেন্ডারি ট্রেনি (সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট) (ক্যাটেগরি-ওয়ান):** শূন্যপদ ৫টি (মেকানিক্যাল ৩, ইলেক্ট্রিক্যাল ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। **স্টাইপেন্ডারি ট্রেনি (সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট) (ক্যাটেগরি-ওয়ান) ফর হেলথ ফিজিক্স ইউনিট:** শূন্যপদ ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি ডিগ্রি। **বয়স:** ৩-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**শূন্যপদের বিন্যাস: ক্যাটেগরি অনুসারে:** মোট ৩৭টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **পদ অনুসারে শূন্যপদ: স্টাইপেন্ডারি ট্রেনি (সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট) (ক্যাটেগরি-ওয়ান):** শূন্যপদ ৩৪টি (মেকানিক্যাল ৯, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল পাওয়ার ৪, ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ৫, কেমিক্যাল ১০, কেমিস্ট্রি ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রি ছাড়া বাকি শাখাগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। কেমিস্ট্রির ক্ষেত্রে কেমিস্ট্রিতে স্নাতক ডিগ্রি। **বয়স:** ৩-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট/বি:** শূন্যপদ ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। **বয়স:** ৩-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

মোট শূন্যপদের মধ্যে ১টি করে শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ জুলাই থেকে ৩ অগস্ট পর্যন্ত। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.npcil.nic.in

# খাদি ও গ্রামোদ্যোগে ১১০

*প্রথম পাতার পর*

ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স বা ইকনমিক্স পড়ে থাকতে হবে।

**পোস্ট কোড ৩১: এক্সিকিউটিভ (ভিলেজ ইন্ডাস্ট্রিজ):** ৪১টি (তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ১২)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক বা এম এসসি। অথবা বি এসসি ডিগ্রি-সহ এম বি এ ডিগ্রি।

**পোস্ট কোড ৩২: এক্সিকিউটিভ (খাদি):** ৮টি (তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেক্সটাইল টেকনোলজি বা ফ্যাশন টেকনোলজিতে বি ই বা বি টেক।

**পোস্ট কোড ৩৩: এক্সিকিউটিভ (ট্রেনিং):** ৪টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক বা এম এসসি। অথবা বি এসসি ডিগ্রি-সহ এম বি এ ডিগ্রি।

**পোস্ট কোড ৪১: জুনিয়র এক্সিকিউটিভ (এফ বি এ এ):** ১৬টি (তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** কমার্সে স্নাতক। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা এম কম ডিগ্রি থাকলে অগ্রাধিকার।

**পোস্ট কোড ৪২: জুনিয়র এক্সিকিউটিভ (অ্যাডমিনিস্ট্রেশন):** ২১টি (তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। যে-কোনও শাখায় স্নাতকরাও আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**পোস্ট কোড ৪৩: অ্যাসিস্ট্যান্ট (ভিলেজ ইন্ডাস্ট্রিজ):** ১১টি (তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা বি এসসি ডিগ্রি।

সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ৩১-৭-২০১৯ তারিখে সিনিয়র এক্সিকিউটিভের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে এবং বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে। দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**বেতনক্রম:** সিনিয়র এক্সিকিউটিভের ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৫,২০০-২০,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvic.org.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), বয়সের নথিপত্র ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট (প্রতিটি জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ১০০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ১৮০০২০৯০৮২০ (সকাল ১০টা থেকে বিকেল ৫টা)।

# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

*প্রথম পাতার পর*

আর্মি রিক্রুটিং অফিস থেকে এই র‍্যালির খবর জানানো হয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা: সোলজার জেনারেল ডিউটি:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল:** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক এবং ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং উল্লিখিত প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন এক্সামিনার):** ইংরেজি, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং এই চারটি বিষয়ের প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট)/সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি):** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ক্লার্ক/স্টোরকিপার (টেকনিক্যাল):** উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। উচ্চমাধ্যমিক-স্তরে অঙ্ক, বুক কিপিং ও অ্যাকাউন্ট্যান্সির মধ্যে যে-কোনও একটি বিষয় এবং ইংরেজি পড়ে থাকতে হবে এবং এই বিষয়গুলিতে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ট্রেডসম্যান:** মাধ্যমিক। সোলজার ট্রেডসম্যানের মেসকিপার, হাউসকিপার ও সইস ক্যাটেগরির ক্ষেত্রে ক্লাস এইট পাশ।

বয়স: ১-১০-২০১৯ তারিখে সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২১ বছর, অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে।

**দৈহিক মাপজোক:** সোলজার ক্লার্ক/স্টোরকিপার ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চতা ১৬২ সেমি এবং অন্য সব পদের ক্ষেত্রে ১৬৯ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি)। তবে সব পদের ক্ষেত্রেই পার্বত্য উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি এবং ভারতীয় গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি উচ্চতা থাকলেই চলবে। সোলজার টেকনিক্যাল, সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট এবং নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি পদের ক্ষেত্রে পার্বত্য উপজাতির প্রার্থীদের উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি: সোলজার ট্রেডসম্যান ছাড়া অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। ওজন: সোলজার ট্রেডসম্যান এবং তফসিলি উপজাতি, পার্বত্য উপজাতি ও ভারতীয় গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৪৮ কেজি। অন্য সব ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৫০ কেজি। রাজ্য ও জাতীয়স্তরের খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতির মাপ এবং ওজনে যথাক্রমে ২ সেমি, ৩ সেমি ও ৫ কেজি এবং সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধে নিহত সৈনিকদের ছেলেরা ওই তিন ক্ষেত্রে যথাক্রমে ২ সেমি, ১ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ১০টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র র‍্যালির সময় জানিয়ে দেওয়া হবে।

র‍্যালির তারিখ ও সময় অ্যাডমিট কার্ডে জানিয়ে দেওয়া হবে। তিন-চারদিন র‍্যালিকেন্দ্রে থাকার মতো প্রস্তুতি নিয়ে যাবেন। প্রয়োজনীয় সমস্ত নথিপত্র, অ্যাফিডেভিট, অ্যাডমিট কার্ড ইত্যাদি এবং সেগুলির দু'কপি করে প্রত্যয়িত নকল সঙ্গে নিয়ে র‍্যালি কেন্দ্রে যাবেন।

তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৫৩)-২৫৯০০৪০, ৮৯০০০৯২১৯৪। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.joinindianarmy. nic.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad